হারিয়ে যাব অনেক দূরে
তোমায় সাথে নেব না,
চলে যাব নীরবে
আর কোনোদিন তুমি আমায় পাবে না।



# ৫ই সেপ্টেম্বর

গৌরাঙ্গ মাঝি
(তৃতীয় বর্ষ, সংস্কৃত সাম্মানিক)

বিশ্বের মাঝে মহান আপনারা
আপনাদের জানাই আহ্বান।
আজের এই দিনটাতে
জানাই শত কোটি প্রণাম।
যদিও থাকেন মহান হয়ে
তাকান আপনারা শিক্ষার্থীর দিকে।
তাই আমরা করি শ্রদ্ধা
থাকব আমরা কৃতজ্ঞ হয়ে।
আমিও একজন কবি হয়ে
তবুও থাকি ছাত্র হয়ে।
তবুও আমি ব্যর্থ সেখানে
আপনাদের এই শিক্ষা হতে।
বুক ভরা শুভেচ্ছা জানিয়ে
নিজ মনে আপন করে।
শিক্ষার্থীদের নিয়ে চলুন
ভবিষ্যতের পথ দেখিয়ে।
সারা জীবন ছাত্র থেকে
পারলাম না যে শিক্ষক হতে।
তাই ৫ই সেপ্টেম্বর দিনটাকে
পালন করি 'শিক্ষক দিবস' হিসেবে।

# শত প্রশ্ন

রাজেশ মণ্ডল (তৃতীয় বর্ষ)

ক্রিকেট মানে যদি ঝিঁঝি পোকা হয়
ফুটবল মানে কেন তেলাপোকা নয়?
ব্যাট মানে যদি চামচিকে হয়
বল মানে তবে কেন ইঁদুর নয়?
'হায়' মানে যদি কি খবর হয়
হুতাশ মানে কেন ভালো আছ নয়?
স্যান্ডেল মানে যদি চন্দন হয়
জুতা মানে তবে কেন সেগুন নয়?
লং মানে যদি লম্বা হয়
এলাচি মানে কে বেঁকে নয়?
রাগ মানে যদি কার্পেট হয়
গোস্বা মানে কেন বিছানা নয়?
লাভ মানে যদি ভালোবাসা হয়
লোকসান মানে কেন তবে খুনোখুনি নয়?
বুক মানে যদি বই হয়
পেট মানে কেন খাতা নয়?
লাফ মানে যদি হাসাহাসি হয়
ঝাঁপ মানে কেন কাঁপাকাপি নয়?
পেপার মানে যদি গোলমরিচ হয়
ম্যাগাজিন মানে কেন জিরা-বাটা নয়?
টক মানে যদি কথা হয়
ঝাল মানে কেন তবে বার্তা নয়?
টি মানে যদি চা হয়
ইউ মানে কেন কফি নয়?
মামা মানে যদি আম্মু হয়
মামী মানে কেন তবে আব্বু নয়?
গান মানে যদি বন্দুক হয়
বাজনা মানে কেন রাইফেল নয়?
ফুল মানে যদি বেকুব হয়
কলি মানে তবে কেন গাঁধা নয়?
গুণ মানে যদি গুন্ডা হয়
ভাগ মানে তবে কেন বদমাশ নয়?
আই মানে যদি চোখ হয়
জে মানে তবে কেন নাক নয়?
এরকম কত প্রশ্ন চোখে ঘুম নাই
উত্তর খুঁজতে আমি কার কাছে যাই?

# তুমি আছো

সুজন বাউরী

একাকি ফুটপাতে নিঃসঙ্গ পথচলা
পথের অন্তরালে তুমি আর তোমার ছায়া!
বিশ্বাসে আছো তুমি, অন্তরে তাই আমার নয়ন তৃষ্ণা।
সেদিন শয়নে দেখেছি তোমার দুই নয়ন
চনমনে হরিণীর মতো সচলন।
কীভাবে জানাই সজনী তোমায় ভালবাসার নিমন্ত্রণ।
কী কথা যে লিখি,
কী নামে যে ডাকি।
কী ছবি তোমায় দু চোখে আঁকি,
কী কথা তাহার সাথে।
কী দেখা চোখে চোখে,
কী আদান-প্রদান মনে মনে।
কী পথচলা হাতে হাত ধরে,
কী ঝগড়া কারণে-অকারণে।
কী বিরহ, ব্যর্থ প্রেমের কারণে
কী কান্না অন্ধকার চার দেওয়ালে।
তুমি আছো ছবি হয়ে আমার মনের ক্যানভাসে।

"ধর্ম ছাড়া জীবন আর নীতিহীন জীবন, র‍্যাডার ছাড়া জাহাজের ন্যায়।" - গান্ধীজি।

# আমার বাংলা

শ্রীকান্ত গরাই
(দ্বিতীয় বর্ষ, সংস্কৃত সাম্মানিক)

বাংলা আমার মাতৃভাষা,
বাংলা আমার প্রাণ।
বাংলা আমার সোনার ফসল,
হেমন্তের পাকা ধান।

বাংলা আমার মায়ের আঁচল,
বাংলা আমার গানের সুর।
বাংলা আমার ময়না টিয়া,
পাখির মধুর সুর।

বাংলা আমার স্বাধীনতা
বাংলা প্রাণের সুর
বাংলা আমার তরুলতা
উদাসী অচিনপুর।

বাংলা আমার রবি ঠাকুর,
বাংলা দুখু মিঞা।
বাংলা আমার জীবনানন্দ,
বাংলা আমার প্রিয়া।

বাংলা আমার ভাটিয়ালী
বাংলা আমার জারি-সারী।
বাংলা আমার কৃষ্ণচূড়া,
বাংলা আমার গরুর গাড়ি।

বাংলা আমার সবুজ শ্যামল,
বাংলা সোনার ধান।
বাংলা আমার সকল ধর্ম,
শান্তি সুখের স্থান।



# হয়তো তোমারই জন্য

কানাই মণ্ডল (তৃতীয় বর্ষ, সংস্কৃত সাম্মানিক)

জানি না কেমনে পশিল এ মনে দুঃখভরা অশ্রুজল
আজকে প্রাণের চিত্র থেকে গোলাপি প্রেম রংবিহ্বল।
হৃদয় মাঝারে পিরিতি পাঁচিরে কেমনে লাগিল দস্যু ঝড়,
করি দিলা মোরে ক্ষতবিক্ষত, আঁকি দিলা মনে থাবার আঁচড়।
প্রিয়া বিরহী যক্ষ হয়ে সাঁতারিয়া চলেছি নয়ন নীরে,
বার্তা কী মোর নিয়ে যাবে ধ্রুবীর খাগের পবনদূত?
কালিদাসের কালির ভাষায় বর্ষা প্রেমের বিরহচঞ্চল।
তবে কেন মোর হৃদয় হল শরৎ প্রথমে ক্রিয়াব্যকুল?
দুঃখ ভরা হৃদয়তে, এসব ভাবছি বসে ব্যালকনিতে,
হয়তো, তুমি তখন গুণছো প্রহর আঁধার রাতে চাঁদের সাথে,
চাঁদকে ডেকে বলি আমি, "গুণছো ওগো অন্তর্যামী।
মনের কথা প্রিয়ার কাছে দাওনা বলে নভঃ স্বামী।"
অশ্রুভরা আমার দু-চোখ শুধুই চলে তোমার খোঁজে,
হয়তো কখনো ঠাঁই সে পাবে তোমার ওই হৃদয়মাঝে।
বাস্তবেরই জীবন পথে, সত্যি তোমায় হারাতে দেখে,
চিৎকার করে বলি আমি "হাঁটবো আমি তোমারি সাথে"।

# বৃষ্টি

মুনমুন গোপ (তৃতীয় বর্ষ)

বৃষ্টি পড়ে সকাল ধরে
বইছে বাতাস ভীষণ জোরে
এদিকে যাই ওদিকে যাই
উদাস হওয়ায় মন যে আমার হারিয়ে যায়
ঘরের থেকে শুনতে পাই পাখির কিচির-মিচির
কিন্তু আমার উপায় নেই
নেই যে আমার ছুটি
ওই যে দূরে গন্ধ আসে শিউলি ফুলে ঝরা
তখন যে আমি থাকতে নারি
মনকে যায় না ধরা।
তাই তো আমায় দেওয়া না ছুটি মাগো আমার মা
উদাস হওয়া মন যে আমার টিকে থাকে না।

# মিশে যাওয়া তারা

অঙ্কিতা মল্লিক (তৃতীয় বর্ষ)

স্বপ্নময় দুটো চোখ আর উপছে পড়া হাসি
এরই মাঝে কলরবে তোর জেগে থাকা।
হঠাৎ একটা দমকা ঝড়ে কোথায় মিশে গেলি!
হারিয়ে গেলি তারাদের দলে।
মোদের একলা ফেলে,
ক্লাসে ঢুকে এখন আর তোর পাগলামোটা মনে পড়ে না।
মনে পড়ে না, সেন্টারফ্রুট বলে রাগানোটা
স্মৃতির অ্যালবামে শুধু মনে পড়ে
তোর দুষ্টু হাসিটা।
কোথাও আর খুঁজে পাই না, তোর সরল হাসি মুখটা,
আড্ডা, সিনেমা, ক্লাস সবেতেই মিশে ছিলি,
আনমোনা খেয়ালে একেবারে তড়িৎ মনে,
পারবো কি ভুলতে তোকে? এই ব্যস্ত জীবনে।
জাগে মনে আশা,
ভাবি, আবার কবে দেখবো তোকে।

# বাস্তব বড় কঠিন

মাম্পি কর্মকার (তৃতীয় বর্ষ)

বাস্তব বড় কঠিন, তবুও
মানুষকে মেনে নিতে হয়।
জীবন এত জটিল, তবুও
মানুষকে বেঁচে থাকতে হয়।
ভালোবাসা বড় কষ্টের, তবুও
মানুষকে ভালোবাসতে হয়।
পৃথিবী এত মায়ার, তবুও
তাকে ছেড়ে যেতে হয়।
মৃত্যু এত যন্ত্রণার, তবুও
তাকে বরণ করতে হয়।

# তুমি কে

রক্তিম মণ্ডল (তৃতীয় বর্ষ)

সত্যি করে বলো দেখি
তুমি আমার কে?
বন্ধু ভাবতে গেলেই আমার
মাথা ধরে আসে
মাথা ধরা ছাড়লে বাড়ে
মনের উপর চাপ
কাছে আছো ভাবলে বাড়ে
দেহের উপর তাপ
সত্যি করে বলো দেখি
এমন কেন হয়
তুমি নেই ভাবলে আমার
জীবন ভরে শূন্যতায়
শূন্য মাঝে কিসের টানে
টানো অকারণ?
উত্তর না পেলে কিন্তু
রাখবো না এই জীবন।



# অভিশাপ

রঞ্জিত প্রামানিক (তৃতীয় বর্ষ)

যেদিন আমি হারিয়ে যাব, বুঝবে সেদিন বুঝবে
অস্তপারের সন্ধ্যাতারায় আমার খবর পুছবে
বুঝবে সেদিন বুঝবে।
ছবি আমার বুকে বেঁধে
পাগল হয়ে কেঁদে কেঁদে
ফিরবে মরু কানন গিরি,
সাগর আকাশ বাতাস চিরি।
সেদিন আমায় খুঁজবে
বুঝবে সেদিন বুঝবে।
স্বপন ভেঙে নিশুত রাতে জাগবে হঠাৎ চমকে,
কাহার যেন চেনা-ছোওয়ায় উঠবে ও বুক ছমকে,
জাগবে হঠাৎ চমকে।
ভাবার বুঝি আমিই এসে
বসিনু বুকের কোনটি ঘেঁষে,
ধরতে গিয়ে দেখবে যখন
শূন্য শয্যা। মিথ্যা স্বপন।
বেদনাতে চোখ বুজবে -
বুঝবে সেদিন বুঝবে।

# আমার পড়া

আভারানী মণ্ডল (দ্বিতীয় বর্ষ)

আচ্ছা মাগো সরস্বতী
তুমি আমায় বলে
কেমন করে পড়লে পরে
রেজাল্ট হবে ভালো
পড়ার সময় মনে পড়ে
সিনেমার সব হিরো
ইংরেজিটা বড্ড কঠিন
ঢোকে না আর মাথায়
দাত ভাঙা সব শব্দগুলো
বড্ড বেশি জ্বালায়
দর্শনের খাতা খুলে যখন আমি বসি
টিভির দিকে তাকিয়ে দেখি শুভশ্রী হাসি
বাংলা যখন পড়তে
বসি রাখবে ভাবি মনে
হঠাৎ তখন মনে পড়ে
নায়ক সলমল খানে
এবার মাগো সরস্বতী তুমি আমায় বলো
কেমন করে পড়লে পরে রেজাল্ট হবে ভালো।

# ভালোবাসি শুধু তোমায়

অরুপ কুমার মাহাত (তৃতীয় বর্ষ)

আমি আমার সব স্বপ্ন দিয়ে
মুছে দিতে চাই তোমার সব কষ্ট।
আমি আমার সব ভালোবাসা দিয়ে
ফোটাতে চাই তোমার মুখের হাসি।
তোমার প্রয়োজনে আমি নিজেকে
শেষ করে দিতে পারি।
আমি তোমাকে এতোটাই ভালোবাসি।
আমি ভালোবাসি তোমার
মায়াবি হাসি।
আমি ভালোবাসি তোমার
স্নিগ্ধ কথাগুলি।
তুমি আকাশের চেয়েও বিশাল
তুমি সাগরের চেয়েও বেশি
মোহনাময়।
তোমার মায়াবি মনটা ভোরের
আলোকে হার মানায়।
তাই আমি তোমারি বিহনে
নিজেকে ছড়িয়ে দিতে চাই।

# আমার ইচ্ছে

সপ্তপর্ণা সেনাপতি (তৃতীয় বর্ষ)

আমি যদি হতাম পাখি
যেতাম উড়ে দূর দেশেতে,
নীল আকাশে মেলে ডানা
করতো না কেউ আমায় মানা,
পারতো না কেউ রাখতে বেঁকে
সব সময়ে তার চোখেতে,
দেখতে পেতাম নানান দৃশ্য
যেইখানেতে সবই মিশ্র,
নদী-পাহাড়-সাগর-বন
সেইখানেতে মিলায় মন,
করে নিতাম সাত-সমুদ্র তেরো নদী পার
দেখতে পেতাম সেইখানেতে রাজকন্যে কার?
থাকতো যদি দুটি ডানা
লঙ্ঘন করতাম সব সীমানা,
পেতো না কেউ আমার ঠিকানা
যতই সে দেক না হানা,
ইচ্ছে আমার এই টুকুই
পারো কি কেউ করতে পূরণ?
করো যদি ইচ্ছে পূরণ
করবো রক্ষা তোমারি পণ।



# উত্তরণ

ষষ্ঠী মণ্ডল (তৃতীয় বর্ষ, সংস্কৃত সাম্মানিক)

কলেজে পড়িল ডাক,
ছাপা হবে নব উত্তরণ।
কবিতা, গল্প, নাটক দিতে চাও -
যার যা চায় মন।
আমার বুক করে দুরু দুরু,
যেন অল্প ঝড়ে কাঁপে তরু
লেখালেখি তো করি নাহি কভু।
ছন্দ আসে না মনে, কী লিখিব উত্তরণে
হিজিবিজি ভাবি তবু।
লেখনীর গতি অতি মন্থর, ছাতি করে থরথর।
কী হবে উপায়,
শুধু জল খেয়ে, ছাদে উঠে গিয়ে
ভাবি - কী দিয়ে শুরু করা যায়।
রাত্রি তখন ত্রিপ্রহর নদী জাগে প্রাণেপর
স্মরণ করি সরস্বতী মাতা।
বিদ্যার দেবী মাগো জগৎ সংসারে
ছন্দটুকু দাও মাতা মম অন্তরে।
মাগো, তুমি মহাকবি বানাইলে কবি কালিদাসে,
অল্পখানি স্থান দাও তোমা পদ পাশে।
হল নাই লেখা, খাতা রয়ে গেল ফাঁকা
নিদ্রা দেবী নিয়ে গেল মোরে।
ঘুম ভাঙে কাকলীর ডাকে,
উঁকি মারে সূর্যিমামা বনবিহী ফাঁকে
মাতা বারংবার কড়া নাড়ে দোরে।
করেছি পণ, শোনো ছাত্র-ছাত্রীগণ
অবশ্যই লিখিব আগামী উত্তরণে।
নিও আসা, ভালোবাসা,
ক্ষমা করো মোর গুরুজনে।

# আজকের গোলাপ তোমার জন্য

চিরঞ্জিৎ বাউরী (দ্বিতীয় বর্ষ)

তুমি আসবে বলে
প্রজাপতিরা ছিল ডানা মেলে
জোনাকিরা ছিল আলো নিয়ে
গোলাপ ফুল আগে থেকেই ফুটেছিল।
তোমাকে বরণ করবে বলে।
কিন্তু তুমি আগে থেকেই নাকি জানতে
গোলাপে কাটা আছে।
আর সেই ভয়ে তুমি আর
এলে না এই হৃদয়ে।
তুমি কী জানো না
গোলাপেরা গন্ধ নিতে পরীরা আসে
আকাশ থেকে, ভ্রমরা আসে
গুণ গুণ গানের সুরে
মৌমাছিরাও আসে মধু নিতে
কিন্তু আজকের গোলাপটি ছিল
শুধু তোমারই জন্য।

# সময়ের মূল্য

কাকলি মণ্ডল (তৃতীয় বর্ষ)

সবাই এখন চলছে ছুটে মত্ত যে যায় কাজে
দুনিয়াটা যেন সাজছে নতুন নতুন সাজে।
কারো হাতেই সময় যে নেই সময় বড়োই অল্প
ঠাম্মার কাছে বসে যে শোনে না কেউ গল্প।
চেঁচিয়ে ডাকি মাগো দাদা একটু শুনুন না
সময় নেই ভাই চলি এখন শুনতে পারবো না।
বিশ্বায়নের যুগে যে এখন সময় বড়োই কম,
সময় চক্রে পিছে হয়ে বেরিয়ে যায় যে দম।
টাকার পিছনে ছুটছে সবাই চলছে কেবল ধেয়ে
মানুষ আজ তো বেঁচে আছে যন্ত্র মানব হয়ে।
সবার পানে তাকিয়ে দেখি ভেবেনি একপ্রস্থ
কারো সাথে হয় না কথা আগের মতো করে,
পৃথিবী আজ গেছে শুধুই পাগলামিতে ভরে।

# দুর্গা পূজা

ময়না মণ্ডল (তৃতীয় বর্ষ, দর্শন সাম্মানিক)

রাত থাকতে অ্যালার্ম।
ভদ্র সালাম! হাওয়ায় দোলে কাশ।
আড্ডার অবকাশ। জীবনটা রঙিন।
চারটে ছুটির দিন! প্যান্ডেল
জমকালো। শহরজুড়ে আলো।
নতুন জামার সাজ। মুলতুবী থাক কাজ।
ওই শাড়িটা হেব্বি! সেলফি
হবে, দেবী? শপিং, ডেটিং, খাওয়া।
মা, এটুকুই তো চাওয়া! ষষ্ঠী থেকে
ভাসান। সব মুশকিল আসান।
দূর পাল্লার ট্রেন। ছুটির অক্সিজেন।
রাত জেগে চোখ লাল। তোদের কী প্ল্যান কাল?
বন্ধু ইয়ার, দোস্ত। আড্ডা চলুক মস্ত। মুখও চলুক
সাথে . . . পুজোয় থাকুন দিনে রাতে
স্বাদের ইন্ডিয়াহতে!



# বিরহ

ঝুমা মুদি (তৃতীয় বর্ষ)

যেদিন তুমি বলেছিলে তোমায় ভালোবাসি
নতুন সূর্যোদয় হয়েছিল জীবনে ফুঁটেছিল হাসি
প্রেমের সাগরে আমি হয়েছিলাম মগ্ন
দিবানিশী দেখেছিলাম শুধুই তোমার স্বপ্ন
বুঝতে পারিনি আমি তোমার ছলনাকে
ভাবিনি প্রেম আগুন রূপে আসবে আমার দিকে।
তৃষ্ণার্ত হৃদয়ে খুঁজেছিলাম ভালোবাসা
বুঝিনি মরুভূমির মরিচিকা দেবে হতাশা
অবুঝ তুমি পাষাণ তুমি নির্দয় তোমার অন্তর
প্রতিদান দিয়ে করেছো তুমি আমার মরু প্রান্তর
কোন অপরাধে তুমি আমায় দন্ড দিলে
হৃদয় আমার দগ্ধ করে কীসেই বা সুখ পেলে।
দোষ যে আমার কোথায় ছিল দাও না আমায় বলে
মনটা আমার চুরি করে কোথায় গেছো চলে।
ব্যর্থ প্রেম আমার তবুও প্রতিক্ষায়
আঘাত প্রতিঘাত ভুলে স্বপ্ন দেখা যায়
আসে রঙিন স্বপ্ন কতো দেয় ব্যর্থ আশায়।
সকাল হলেই সবমিলে যায় ফিরে আসে নিরাশা।
চোখের কোণে ভেসে ওঠে তোমার রঙিন ছবি
দিনরাত তোমার কথা ভেবেই আমি থাকি
আমার অন্তরের আকাশেতে আছে তোমার নাম
কেন তুমি দিতে চাইছো ভালোবাসার বলিদান
শুনেছি ভালোবেসে পায় সবাই সুখ
সুখের স্থানে পেলাম আমি কেবলমাত্র দুখ
সঙ্গী তুমি আমার সাথে করলে কেন ছল
তোমার কথা মনে পড়লে চোখে আসে জল।
চোখের জলের দাম যে বহু তবু দু-চোখ ভরে
জলের ধারা কেন ওগো ঝরঝরিয়ে পড়ে
প্রিয়ো খেললে তুমি আমার সাথে ভালোবাসার খেলা
তোমাকে না পেয়ে আমি পাচ্ছি বিরহের জ্বালা।
বেশি কিছু চাই নাতো আমি শুধু চাই ভালোবাসা
পিপাসা মোর মিটে যাবে এটুকুই আশা।
মনের মাঝে প্রেম তো আছে নেই আমার প্রিয়া
তবুও খুঁজি তারে আমি হৃদয় মন দিয়া।
ভুল যদি হয়েছিল বুঝেকি পারে না নিতে
ভুলের বদলে কী তুমি চেয়েছিলে কষ্ট দিতে।
দুঃখ আমার জীবন ভরা লেখলাম ইতিহাস
সারাজীবন রাখবো মনে প্রিয়ো তোমার বিশ্বাস
ওগো মোর সাথী চিরোসুখে থেকো
একটুখানি ভালোবাসা তোমার মনে রেখো।
ভালোবাসার স্বাদ হয়তো পাব না কোনদিন
তবুও ভালো থেকো সুখে থেকো চাইবো প্রতিদিন
তুমি ছিলে আমার মনের একমাত্র আশা
আমার হৃদয়ের বুকভরা ভালোবাসা।
তুমি ছিলে আমার মনের আয়না
তুমি ছিলে আমার জীবনের বিছানা।
স্বপ্ন দেখাই সত্য হল বাস্তবে তা কিছুই হল না
তোমার খবর না পেলে আঁধার দেখি চোখে
তুমি আবার সামনে থাকলে ভয়ও লাগে বুকে
তোমার জন্য আমি আজ হয়েছি সাহারা
অভিমানে আজো বলেই আমি দিশেহারা।
সারা জীবন দিও তুমি হাজার অভিশাপ
চোখের জলের দাম দিয়ে তাই করে দিও মাপ।
জীবনে সবথেকে বেশি বিশ্বাস করেছিলাম তোমাকে
তাই তুমি একটা আঘাত দিচ্ছো আমাকে
কেন ভেঙে দিলে আশ্বাস ভেঙে দিলে বিশ্বাস
দিয়ে গেলে আগুনের উচ্ছাস দিলে না কেন বসন্তের বাতাস।
খারাপ আমি তোমার কাছে নেইকো আমার দাম
ইচ্ছে করেই দূরে ঠেলে করেছো বদনাম
ভালো আছি ভালো থেকো মনে রেখো স্মৃতি
প্রেমের প্রবাহতায় দিলাম তাই ইতি।

# বন্ধু

জয়দেব বাউরী
(তৃতীয় বর্ষ, সংস্কৃত সাম্মানিক)

বন্ধু মানে হঠাৎ একটা ছোট্ট দাবী।
বন্ধু মানে ক্লাস পালিয়ে খেলতে যাবি?
বন্ধু মানে আমার জন্য জায়গা রাখিস।
বন্ধু মানে খেলতে গেলে আমায় ডাকিস।
বন্ধু মানে জামাটা একদিন পরতে দিবি?
বন্ধু মানে তোদের সাথে খেলতে নিবি?
বন্ধু মানে ঝুট ঝামেলা হঠাৎ একা।
বন্ধু মানে ব্যাচ পালিয়ে সিনেমা দেখা।
বন্ধু মানে তোর সাথে কোনো কথা নয়।
বন্ধু মানে রেগে আছি তবু ডাকবেই।
বন্ধু মানে মেয়েটা ব্যাপক! দেখ্ ভাই।
বন্ধু মানে প্রেমে পড়েছিস? সাহায্য চাই!
বন্ধু মানে ব্যাচের মেয়ের পেছনে যাওয়া।
বন্ধু মানে একসাথে মেয়েটাকে এগিয়ে দেওয়া।
বন্ধু মানে অগোছালো আসা যাওয়া।
বন্ধু মানে রেস্ট হাউসে বিড়ি খাওয়া।
বন্ধু মানে লাজ লজ্জার পর্দা ছিঁড়ে .....
বন্ধু মানে নাম ধরে ডাকা সবার ভিড়ে।
বন্ধু মানে একসাথে চড়ুইভাতি।
বন্ধু মানে No Thanks, No Sorry.
বন্ধু মানে Fun is very very.
বন্ধু মানে সুখ দুঃখ Share করি।
বন্ধু মানে Main Ho Na, Don't Worry.
বন্ধু মানে সকাল বিকাল সাথে চাওয়া।
বন্ধু মানে সব হারিয়েও তোকে পাশে পাওয়া।

# আশা

সোমা ভূঁইয়া (তৃতীয় বর্ষ)

নদী নিজের গতিতে বয়ে চলে
জানে না কোথায় অন্ত
সাগরেতে মিশে হয়তো
পাবে জীবনের ছন্দ
ফুলও তো পাপড়ি মেলে
ভাবেনি সে ঝরে পড়ার কথা
আমিও তো বেসেছি ভালো
ভুল শুধু একটু
সেদিন ছিল বর্ষা -
তাই আমি রাখতে
পারিনি তোমার ভরসা।
চেয়েছি ক্ষমা বহুবার
পাইনি তবু সাড়া।
এই ভাবেই কী কেটে যাবে
জীবন আমার সারা।
জানি এই অন্ধকারের রাত
কেটে যাবে একদিন
আমারও আশা তুমি
আসবে কাছে সেদিন।



# হে মহাবিদ্যালয়

মনিকা ভুঁইয়া (তৃতীয় বর্ষ)

'স্কুল' জীবন কাটিয়ে 'কলেজ' জীবনে এলাম,
রাখবো মনে রাখবো ধরে মনের মণিকোঠায় অমর করে।
ফুলে ফুলে ভরা ছিল সবার সাথে দুষ্টু মধুর সম্পর্ক,
প্রদীপ থেকে প্রদীপ জ্বালানোর মতো।
বেশির ভাগ সময় কেটে যেত ঘরের বাইরে বন্ধুদের সাথে,
সেইদিনগুলি যায় কী ভোলা যাই কী মুছে ফেলা।
কিন্তু অনেক পরীক্ষা অনেক বিপদ দূর করে,
পৌঁছেছি এই মহান কলেজ তোমারে করি প্রণাম।
আসার তাগিতে তোমারে করেছে আহ্বান,
তাইতো ১৯৭৯ সালে নিয়েছো তুমি প্রাণ।
অন্ধকারের পথিককে দেখালে তুমি আলো,
নিজেই অগ্রদূত হয়ে ঘোচালো জীবনের কালো।
শুভ চেতনা অসংখ্য ছাত্র আজও আছে তোমার দ্বারে
শিক্ষা চেতনা উজ্জ্বল করেছো তারে।
দু'চোখে স্বপ্ন দেখিয়েছো তুমি তারে,
তোমার স্নেহের আঁচলে দিয়েছো আলো ভরে।
আজ এই মন চাই শুধু তোমার কথাই বলতে
হৃদয়ে রয়েছো তুমি পারি না তোমায় ভুলতে।
সবার মনে নিয়েছো তুমি স্থান,
আজ এই মহান দিনে তোমারে লিখি গুণগান।
কোনোদিন ভুলবো নাকো এই দিনগুলির কথা,
বুকের মাঝে রাখবো সদা স্মৃতির পটে আঁকা।
জ্ঞান, বিদ্যা, চেতনা তুমি হিমালয়,
সবার প্রিয় তুমি হে, খাতড়া আদিবাসী মহাবিদ্যালয়।

# কলেজ ক্যাম্পাসে

জাব্বার হোসেন (তৃতীয় বর্ষ)

স্কুল বেরিয়ে সবুজ মাঠের
কলেজ ক্যাম্পাসে।
হাজার স্বপ্ন বুকের মাঝে
ঘুরে ফিরে আসে।
প্রথম কলেজ, আত্মহারার
উল্লাসেরই দিন।
নতুন করে নিজেকে চেনার
মন হারানোর বীণ।
আমার কলেজ আমার হৃদয়
এক চোখেরই আলো।
প্রথম দিনেই স্পর্শ চোখে
তাই বেসেছি ভালো।

# তোমায় ভালোবাসি

অরুণ মণ্ডল (তৃতীয় বর্ষ)

সাথী তুমি মনে মাঝে একটি প্রদীপ শিখা
শুধু তুমি আমার পথের দিশা।
তোমার নাম লেখা আছে মোর হৃদয়ের মাঝে
মনের মাঝে তোমাকে পাই সকাল দুপুর সাঁঝে।
চোখের কোণে ভেসে ওঠে তোমার রঙীন ছবি
দিবারাত্রি তোমার কথাই ভেবে আমি থাকি।
একদিন তুমি আমায় দিয়েছিলে কথা
এখন আমায় ভুলে গিয়ে কারে নিয়ে করেছো ছোট্ট বাসা
মোর অন্তরে আকাশেতে আছে তোমার নাম
কেন তুমি দিলে ভালোবাসার বলিদান।
কোন ভুলেতে আমায় তুমি দূরে সরিয়ে দিলে
অজানা এক বন্ধুকে তুমি আপন করে নিলে।
আমায় তুমি ভুল বুঝে অন্যকে বাসলে ভালো
তুমি আমার ভালোবাসা কেড়ে নিয়ে জীবন আমার করলে কালো।
তুমি আবার এসে জ্বালিয়ে দাও ভালোবাসার আলো।
ভুল যদি হয়েছিল বুঝে নিতে পার নাকি আমায়
ভুলের বদলে তুমি কি চেয়েছিলে কষ্ট দিতে।
পথের কাটায় আটকে আমি থাকবো না আর বসে পথেই
অনেক কষ্ট আঘাত সহ্য করে আমি আজও বসে আছি
সত্যি করে বলছি আমি তোমায় ভালোবাসা।

# পুজোর গন্ধ

আশা সূত্রধর (প্রথম বর্ষ)

আসছে পুজা
দেবী দশভূজা।
চারিদিকেতে শিউলী ফুলের গন্ধ
ফুটছ আবার তিন রকমের পদ্ম।
কোথা আবার মাঠের মধ্যে ফুটেছে অনেক কাশ,
কারুর আবার হাজার রকমের কাজ আর সাজ।
কোনো মণ্ডপে আলো আর বেলুনের মেলা,
সেই নিয়ে যে, শিশুরা করছে হাজার খেলা।
পুজোর এই চারদিনেতেই খুবেই আনন্দ
আবার চলে গেলেই মন্দ।



# হতভাগা এক ছোট্ট পাখির জীবন

ঝুমা ভূঁইয়া (তৃতীয় বর্ষ)

বন্ধ খাঁচায় ছোট্ট পাখি থাকে সে একা,
তার আশা, একদিন মুক্তি দেবে তার কোনো এক সখা।
সে তাকিয়ে থাকে আকাশের পানে,
ইচ্ছে যে তার কোনোদিন পূরণ হয় না মনে।
উপায় নেই ইচ্ছে পূরণ করবে কি করে সে একা?
মন বলে তার ইচ্ছে পূরণ করবে যে কোনো এক সখা।
তাই সে ভাবে সেই সখা কবে আসবে তার দ্বারে,
আর খাঁচা থেকে মুক্ত করে তাকে নিয়ে যাবে অনেক দূরে।
দিনের পর দিন চলে যায়, মাসের পর মাস,
কবে সে তার জীবনকে বলবে - আরে বাহ! সাব্বাস।
কত দুঃখ, কত কষ্ট, কত জ্বালা সইতে হয় তাকে,
সে কি পাবে না কোনোদিন আনন্দ এই কোনো কিছুর ফাঁকে।
কবে আসবে সেই দিন . . .?
প্রতিটা মুহূর্ত তার কাছে এক ভয়ংকার দৃশ্য,
সবার রাগনিতে সে হয়ে যায় ভৎস্য।
পরিবারেই ছিল তার জীবন, কিন্তু এখানে তার হয়েছে যে মরণ।
সে চাইতো শুনতে - তাদের কাছ থেকে মিষ্টি মধুর কথা,
কিন্তু প্রতিটা মুহূর্তই সে পেয়েছে গালি-গালাজ আর মনে ব্যথা।
সে আশায় আশায় থাকে এই মুক্তির জন্য,
কবে আসবে সখা, হবে সেদিন সে ধন্য।
চারিদিকে কিঁচিরমিঁচির পাখির ডাক -
প্রকৃতি যেন ঝলমল করছে,
তাই ভোরের আগমনে ঘাসের ডগায় শিশিরের ফোঁটা পড়ছে।
সে মনে মনে বলছে - প্রকৃতি আজ এত খুশি কিসের -
তখন প্রকৃতি তাকে বলছে - আরে এবারে যে তোর মুক্তির বার্তা এলো।
খুশিতে সে নাচতে থাকে পায় না খুঁজে কোনো কূল,
এবারে গাছেতে যেন ফুটলো আবার নতুন মুকুল।
বাতাসের শনশন শব্দ, আকাশে সূর্যের খিলখিল
হাসি - চারিদিকে যেন খুশির হাওয়া বইছে,
সে ভাবছে; নিশ্চয় তাকে এবারে কেউ নিতে আসছে।
আকাশের দিকে তাকিয়ে থাকে আর ভাবে -
অন্যদের মতো সেও কবে দুজনা মেলে ওই নীল আকাশে উড়বে?
আর প্রকৃতির সঙ্গে সারাদিন কিঁচিরমিঁচির করে তার দিন কাটবে।
সন্ধ্যা হলেই একসঙ্গে বাসায় মোরা ফিরবো,
আর ভোর হলেই কিঁচিরমিঁচির করে প্রকৃতিকে জাগিয়ে তুলবো।
কিন্তু দুর্ভাগ্য তার কপালে, পড়তে হয়েছে এক দুষ্টু লোকের জালে।
জানে না সে, থাকতে হবে কতদিন এই খাঁচায় বন্দি হয়ে,
তাই দিন কাটে তার, রাত কাটে তার আকাশের পানে চেয়ে।

# পূর্বরাগ

অনুপম পাত্র
(তৃতীয় বর্ষ, বাংলা সাম্মানিক)

রাধার একি হইল
উঠিয়া সকালে পেস্টের বদলে
বোরোপ্লাস কেন নিল
মুখের ভিতরে বড় গন্ধ করে
তখন চেতনা এল
চা খাওয়ার পরে পড়িতে বসিয়ে
কী যে ভাবে শুধু মনে
কতক্ষণ ধরে জিজ্ঞাসিনু তারে
শুনিতে না পায় কানে
পড়ায়ে কেমনে রাধিকাই জানে
পুঁথিমাত্র খোলা আছে
কার মুখচ্ছবি রহিছে ঢাকিয়া
পাতা ও চোখের মাঝে
ন'টার সময়ে কলেজে যাইবে
বলিয়া সিনানে গেল
এগারটা বাজে কেন নাহি আসে
সখিরা দেখিতে গেল
(দেখে) স্নান নাহি করে বসে থাকে বাঁধ পাড়ে
চাহিয়া জলের দিকে
কেশব ভাবিয়া চমকে উঠিয়া
মাথা নাড়ে থেকে থেকে
কিছু রোগ ভেবে ঘরের লোকেতে
ডাক্তার ডাকিতে গেল
ডাক্তার আসিয়া কিছু না বুঝিয়া
শুধুই ফিরিয়া গেল
দেখিয়া তখন বলে অনুপম
শুনহে রাধার বাবা
টিউশিনিতে গিয়া কৃষ্ণরে দেখিয়া
পাগল তোমার রাধা।

# প্রার্থনা

অপূর্ব সাহানা (তৃতীয় বর্ষ)

সরস্বতী মাগো আমার
প্রণাম তোমায় করি।
পরীক্ষার সময় মাগো
তোমায় স্মরণ করি।
তোমার কাছে মাগো আমার
একটু কৃপা চাই।
বেশ বুঝেছি বাঁচাতে হলে
পড়াশোনা চাই।
লেখাপড়া না শিখলে
মান-সম্মান নাই।
মাগো আমি ভালোভাবে
মানুষ হতে চাই।
চলার পথে তোমার যেন
আশীর্বাদ পাই।



# স্বপ্ন

সুস্মিতা গিরি (তৃতীয় বর্ষ, বাংলা সাম্মানিক)

স্বপ্ন মানে মনের মাঝে
সাজানো এক গোপন কথা।
স্বপ্ন মানে রং মেশানো
হয়তো কোনো গল্প গাঁথা।
স্বপ্ন দেখলে হই যে স্বাধীন
মনের মালিক মন নিজে।
স্বপ্নে কভু মোদির কাছে
মন্ত্রীত্বটা নিই নিজে।
স্বপ্নে কোনো পরীর সাথে
উড়ে বেড়াই ডানা মেলে।
স্বপ্নের মাঝে হারিয়ে গিয়ে
আমি যে কে ভুলে যাই ভুলে।
স্বপ্নে হঠাৎ চাঁদটা দেখি
এসে আমার ঘরে।
বলছে আমায় আকাশে একা
মনটা কেমন করে।
স্বপ্নে কভু তাড়া করে
লাঠি যাতে পিঁপড়ের দল।
কভু আবার মাপতে যাই
সমুদ্রেতে কত জল।
স্বপ্নে আমি পলাশফুল
বসন্তটা নিই খুঁজে।
রামধনুর সাত রং দিয়ে
মনের দুঃখগুলো দিই মুছে।
স্বপ্নে আমি সব খুঁজে পাই
যা কিছু আমার আশে পাশে।
হারিয়ে যাওয়া দিনগুলোও সব
যেন চোখের কাছে ভাসে।
স্বপ্নে দেখা রাতে মাঝে
যেন হাজারটা দিন যায় চলে।
জীবনের সব চাওয়া-পাওয়া
কত কিছু যায় বলে।
স্বপ্নে দেখা দিনগুলি কি
সত্যি সত্যি পাবো?
সত্যি সত্যি আমি কি কভু
মেঘকে ছুঁতে যাবো?
স্বপ্ন ভাবি দেখবো না
তবু কে যে আমায় দেখায়?
কারণ স্বপ্ন শেষে কিচ্ছু থাকে না
থাকি শুধু একাই।

# ছাতিম তল

ষষ্ঠিচরণ মাঝি
(তৃতীয় বর্ষ, ইতিহাস সাম্মানিক)

ছাতিম তল, ছাতিম তল,
ছাতিম তল অনর্গল।
ছাতিম তল, ছাতিম তল,
ছাতিম তল আমার কৌতূহল।
ছাতিম তলে দলে দলে,
রিডিং রুমে একা।
খুঁজেছি আমি একটি সঙ্গ,
পাইনি তাহার দেখা।
ছাতিম তল একলা নয়,
চল ওখানে সঙ্গে।
দূর থেকে দেখে যারা,
রয় যে তারা ধন্দে।
আমিও দেখি দূর থেকেই,
প্রশ্ন জাগে মনে।
চাঁদের হাট বসেছে ওখানে,
কি যে হচ্ছে? কে জানে!
পড়তে পড়তেও থাকে আমার,
ছাতিম তলেই মন।
একদিন তো যাবোই আমি,
কি করব তখন?
না যায় যদি সঙ্গে কেউ,
হৃদয়ে ওঠা ছাতিম ঢেউ।
রবে হৃদয়েরই ছাতিম সৈকতে,
হবে হাজার দুঃখ সহিতে।
রয়েছে ছাতিম, থাকবে ছাতিম,
ছাতিম মোদের গর্ব।
পারিনি যেতে তবু মন হয়।
ছাতিম তলই স্বর্গ।

# ভালোবাসা অপরাধ

স্বদেশ বাউরী (তৃতীয় বর্ষ, দর্শন সাম্মানিক)

পিয়ালী, তোমায় ভালোবাসতে গিয়ে করেছি কি অপরাধ?
মনের দরজায় দিয়েছো দেখা,
তাই লিখি শুধু তোমার কথা।
তবু পাইনা তোমার ভালোবাসা
কেবলই পাই অসহায়তা।
হৃৎপিন্ড হয় কম্পমান
প্রবল ব্যথায় হারায় আমার মন প্রাণ,
এ অবস্থা আমার না ছাড়লে তব দান।
পিয়ালী, তুমি সত্য-ভালো-চিরন্তন
আমার জন্য করো না রোমন্থন।
তুমি হৃদয়ে হৃদয়, জীবনে জীবন যোগ করে কও কথা
অন্যের সাথে বন্ধুত্ব পাতিয়ে
চোখের জল ফেলে, আমাকে দিয়েছো ব্যথা।
যুগ যুগ ধরে তোমার জন্য
আমার যন্ত্রণা কেঁদে কেঁদে ফেরে,
ভালোবাসার ফাঁদে পড়ে মরে আমার যতেক সাধ,
যদি ভালোবেসে ভুল করেছি তোমায়,
তবে, ক্ষমা করো আমায়।

# খাতড়া আদিবাসী মহাবিদ্যালয়

বর্ষা পন্ডিত (তৃতীয় বর্ষ)

হে খাতড়া মহাবিদ্যালয়
এই এলাকার বুকের গর্বের বিষয়
আমরা কোনোদিন ভাবি নাই মনে,
তোমার মত প্রতিষ্ঠান পাবে এইখানে
হে খাতড়া আদিবাসী মহাবিদ্যালয়
আমরা পেয়েছি কত অজানা পথের পরিচয়
তোমার দান স্নেহ
ভুলিব না আমি ভুলিব না কেহ
সকলের মন তুমি কর আজ জয়
তোমার ছাত্রী হয়ে যেমন গর্ব হচ্ছে মোর
কারো কাছে তেমনি তুমি হবে নাকো পর
তোমার আছে গন্থাগার আর আছে বাগান
খেলা ধূলার সাথে সাথে চালাও নানা বিষয় পাঠ।



# তোমাকে ভুলতে চেয়ে আরো বেশি ভালোবেসে ফেলি

রঞ্জিত প্রামানিক (তৃতীয় বর্ষ, বাংলা সাম্মানিক)

তোমাকে ভুলতে চেয়ে আরো বেশি ভালোবেসে ফেলি
তোমাকে ছাড়তে গিয়ে আরো বেশি গভীরে জড়াই,
যতোই তোমাকে ছেড়ে যেতে চাই দূরে
ততোই তোমার হাতে বন্দি হয়ে পড়ি
তোমাকে এড়াতে গেলে এভাবেই আষ্টেপৃষ্টে বাঁধা পড়ে যাই
এভাবেই সম্পূর্ণ আড়ষ্ট হয়ে পড়ি;
তোমাকে ছাড়তে গেলে আরো ক্রমশ জড়িয়ে যাই আমি
আমার কিছুই আর করার থাকে না
তুমি এভাবেই বেঁধে ফেলো যদি দূরে যেতে চাই
যদি ডুবে যেতে চাই তুমি দুহাতে জাগাও।
এমন সাধ্য কী আছে তোমার চোখের সামনে আড়াল হই,
দুই হাত দূরে যাই
যেখানে যেতে চাই সেখানেই বিছিয়ে রেখেছো ডালপালা,
তোমাকে কি অতিক্রম করা কখনও সম্ভব
তুমি সমুদ্রের চেয়েও সমুদ্র
আকাশের চেয়েও আকাশ তুমি আমার ভেতরে জেগে আছো।
তোমাকে ভুলতে চেয়ে তাই আরো বেশি
ভালোবেসে ফেলি,
তোমাকে ঠেলতে গিয়ে দূরে আরো কাছে টেনে নেই
যতোই তোমার কাছ থেকে আমি দূরে যেতে চাই
ততো মিশে যাই নিঃশ্বাসে প্রশ্বাসে,
ততোই তোমার আমি হয়ে পড়ি ছায়ার মতন;
কোনোদিকে যাওয়ার আর একটুও জায়গা থাকে না
তুমিই জড়িয়ে রাখো তোমার কাঁটায়।
তোমাকে ছাড়তে গিয়ে আষ্টেপৃষ্ঠে আরো জড়িয়েছি
তোমাকে ভুলতে গিয়ে আরো ভালোবেসেছি তোমাকে।

# প্রিয় বন্ধু

রাসবিহারী লোহার (প্রাক্তন ছাত্র)

আমি চাঁদ চাই না
যে শুধু উঠবে রাতে।
আমি রাত চাই না
যে হারাবে প্রভাতে।
আমি ফুল চাই না
যে ঝরবে দিনের শেষে।
চাই শুধু একটা ভালো বন্ধু
যে কখনোও ভুলবে না আমাকে।

# ২১শে জুলাই

সুমন চৌধুরী
(তৃতীয় বর্ষ, বাংলা সাম্মানিক)

২১ মানে আন্দোলন
২১ মানে প্লাবন
২১ মানে গর্জন
২১ মানে বরণ
২১ মানে নবীন
২১ মানে প্রবীন
২১ মানে মনের কথা
২১ মানে মাটির ভাষা
২১ মানে গণআন্দোলন
২১ মানে শহিদ নিকেতন
২১ মানে ইতিহাস
২১ মানে শ্রাবণ মাস
২১ মানে ফিরে দেখা
২১ মানে জীবন লেখা
২১ মানে গণসমুদ্র
২১ মানে বৃষ্টি রৌদ্র
২১ মানে গণচেতনা
২১ মানে অনুপ্রেরণা
২১ মানে আশা
২১ মানে ভাষা
২১ মানে দিশা
২১ মানে স্বপ্ন
২১ মানে জীবন
২১ মানে বাস্তবতা
২১ মানে মানবতা

# বাঙালি

প্রিয়া কর্মকার (তৃতীয় বর্ষ)

বাঙালি আজ বদলে গেছে
আদব কায়দা আর ভাষাতে।
শাড়ি ধুতি খুলে ফেলেছে
আধুনিক হবার আশাতে।
মা বাবা প্রায় উঠেই গেছে
মাম্মি পাপার ঠেলাতে।
হারিয়ে গেছে সম্বোধন গুলো
বিলিতি ভাষার চাপেতে।
কোথায় ছিল রাজ মামা
বৌমণি ফুলমণি মিষ্টি ডাক।
মাসি পিসি কাকিমারা সব
আন্টি হয়েই বেঁচে থাক।
রীতি রেওয়াজ তিথিরা সব
হারিয়ে গেছে উদাসীনতায়।
বারো মাসে তেরো পার্বণ
খুঁজতে বইয়ের পাতায়।
হারিয়ে গেছে সন্ধ্যাবাতি
ঘোমটা আঁচল আর শঙ্খ।
হারিয়ে গেছে ধুতির কাছা
বাঙালি এখন জিন্স আর গেঞ্জিতে দক্ষ।
বাঙালিটা নাকি ঠিক আসে না
বিলিতি ভাষার দৌলতে।
বর্ণপরিচয় মুখ ঢেকেছে
ইংরেজী বইয়ের তলাতে।
বাঙালি আজ বাংলা ভাষায়
কথা বলতে লজ্জা পায়।
সাহিত্য, কবিতা, গানগুলি তাই
জীবন থেকে দিচ্ছে বিদায়।
কোথায় গেলো সেই স্বাদ ভরা
হরেক রকম ব্যঞ্জন আর ঝোল।
পিঠেপুলির জায়গা নিয়েছে
কেক চাউমিন আর রোল।
অসহায় মা বাবার স্থান হয়নি
সভ্য বাঙালির বিলাসে।
ছোট্ট পরিবার সুখি পরিবার
একান্নবর্তী সংসার আজ ইতিহাসে।
চলন বলন আদব কায়দা
কথাবার্তা জন্ম যেন বিলেতে।
হায়!! বাঙালি "Good Night"-এ
স্বপ্নটা দেখিস বাংলাতে।



# ভালোবাসার সমাধি

পূজা মল্লিক (তৃতীয় বর্ষ)

অনেক বছর কেটে গেছে
অনেক মাস বয়ে গেছে
অনেক দিন পেরিয়ে গেছে
অনেক সময় চলে গেছে
আমি শুধু রয়ে গেছি একি জায়গায়
আমার হৃদয়ে প্রদীপ জ্বেলে
আমার মনের দরজা খুলে
শুধু তোমারি প্রতিক্ষায়।
আমি শুধু ভাবছি তোমায় আর পেলছি চোখের পানি
তুমি ফিরে আসবে না আমার জীবনে আমি জানি।
তুমি চলে গেছ বলে আমার জীবন হতে বসন্ত বিদায় নিয়েছে
তুমি চলে গেছ বলে আমার জীবনে সব রং মুছে গেছে।
আমার হৃদয়ের আকাশে তুমি ছিলে ধ্রুবতারা,
তোমা বিহনে আমি আজ হয়েছি দিশেহারা।
তোমার স্মৃতি, তোমার প্রীতি, তোমারও চোখে চাওয়া
আমার জীবনে, আমার এ মনে বইছে বৈশাখী ঝড়ো হাওয়া।
তুমি ছিলে আমার হৃদয়ের বাগানের সেরা ফুল
তোমাকে ভালোবাসাই আমার জীবনের সেরা ভুল।
সেদিন আমার তোমার সাথে হয়েছিল প্রথম দেখা
সেদিন হতে আমি শুরু করেছিলেন কবিতা লেখা।
তুমি ছিলে আমার জীবনে সোনালি দিনের আলো
তোমাকে না পেয়ে জীবন আমার হয়েছে আঁধার কালো।
তুমি এসেছিলে আমার জীবনে ক্ষণিকের জন্য
তোমাকে না পেয়ে জীবন আমার হয়েছে আজ বন্য।
তুমি ছিলে আমার কল্পনায় আর হৃয়ের মাঝে
তোমার কন্ঠস্বরের ধ্বনি আজও আমার কানে বাজে।
তুমি ফিরে আসার আশায় আমি আজও আছি
তোমার স্মৃতি, তোমার প্রীতি নিয়ে বেঁচে আছি।
আমার কথা পড়লে মনে আমাকে নিয়ে ভেবো না
শুধু একটু চোখের জল ফেলো আমি সেদিন থাকবো না।
তুমি আমাকে ভালোবাসো না তার পেয়েছি হাজার প্রমাণ
তোমাকে না পেয়ে আমার আজ বাঁচা-মরা সমান।
তুমি যেখানেই থাকো, ভালো থাকো আমি এই কামনা করি
তোমার জন আমার এ জীবন উৎসর্গ করতেও পারি।

# সংঘাত

সমীর মুদি (তৃতীয় বর্ষ)

দেশে দেশে চলছে এখন স্বার্থের সংঘাত
এখনও চালু আছে, প্রথিত উচ্চ নিচ ভেদ আর জাতপাত
সকলেই দেখায় নিজে নিজের ক্ষমতা
কিন্তু তারা বোঝে না তাদের একটুই মাত্র স্বাধীনতা
সকলে মিলে বেঁধেছে সংঘাত, লোভে লোভে
তারাও ধ্বংস হয়ে যাবে প্রলয়মন্থন ক্ষোভে
সারা ভারত চলে এখন রাজনৈতিক ক্ষমতায়
ধর্মকে তারা ভাসাতে চায় নিজেদের বলের বন্যায়
সবাই তো হতে পারে না নেতা
কিন্তু কী তাদের নেই স্বাধীনতা
রাজনৈতিক নেতারা রাখে একে অপরের সাথে হাত
তবুও তারা নিজেরাই তো বেঁধে নেয় সংঘাত
সারা ভারতবর্ষে এখনো হচ্ছে কতো খুনোখুনি
মানুষে মানুষেই করছে রক্তপাত আর হানাহানি
দেশে দেশে সকলেই ঘুরেন কতো দিশান্তর
সকলেই কী হয় তবুও, সকলের পছন্দের মনোহর
কতজনা শক্তির দাপটে জাগাইছে ভিতী
শ্মশানে এখনও চলে কুকুরদের কড়াকড়ি গিতী।

# বকুল-প্রিয়া

ভরত বাউরী (প্রাক্তন ছাত্র, বাংলা সাম্মানিক)

দুটি পাখির দেখা হল হলুদ বনের বাটে,
এদিক ওদিক ঘুরে বেড়াত কাজলা দিঘির ঘাটে।
ঝড়ের দিনে আম কুড়োত দু-জন মিলে-মিশে,
কখনো বা দিঘীর জলে ঘুরত ভেলায় ভেসে।
বৃষ্টির দিন ভিজতো তারা আপন খেয়াল খুশি,
ঝগড়া ঝাটি নেইকো তাদের শুধুই ঠোঁটে হাসি।
শীতের দিনে রোদ পোহাত চিলেকোঠার ছাদে,
খাবার খেতে যেতে তবু পড়েনি কোন ফাঁদে।
রোদের দিনে খেজুর তলে ঘুরত খেজুর খেয়ে,
সাঁঝের বেলা ফিরত ঘরে ভালোবাসা নিয়ে।
ছোট থেকে বড় হয়েছে বয়স বারো-তেরো,
এত বড় হয়েছে তবু হিসেব নেইকো কারো।
একটির নাম বকুল আর একটির ছিল প্রিয়া,
বড়ো হলে দুজনের হবে নাকি বিয়া।



# মা

রঞ্জিত মাহাত (তৃতীয় বর্ষ, ভূগোল পাশ)

মাগো তুমি জগৎ সেরা তুমি যে আমার মা,
মায়ের মতো স্নেহময়ী আরতো পাবো না।
তুমি পাশে থাকলে মাগো চায়নি কিছু আর,
আমার মায়ের মতো মা আছে বলো কার।
যখন যেথায় থাকি আমি তোমায় মনে রাখি,
দুষ্টু আমি হইযে যতই দেবো না তোমাই ফাঁকি।
যতই তুমি বকো আমায় যতই তুমি রাগো,
তুমি আমার সোনামনি তুমি আমার মাগো।
তোমার চেয়ে আপন বলো কে আছে এই ভবে,
যতই বিপদ আসুক কাছে মা তো সেথাই রবে।
আশীর্বাদের হাতটি মাগো রাখো আমার শিরে,
বিপদ আমার হবে না গো থাকি যতই দূরে।
তুমি আমার জম্মদাত্রী তুমি সর্ব শ্রেষ্ঠ,
তোমায় আমি ভুলবো নাকো দেবো না কোনো কষ্ট।
মাগো তুমি আমার গুরু তুমি আমার ঈশ্বর,
রাখবো যে গো হৃদয় মাঝে করবো নাকো পর।
দেখালে তুমি পৃথিবীর আলো দেখালে বিশ্বভূবন,
তোমার জন্য জম্ম আমার তোমার জন্য এ জীবন।
আদেশ তোমার মানবো আমি রাখবো তোমার কথা,
স্নেহের বাঁধনে রাখবো যে গো দেবো না অন্তরে ব্যথা।
তুমি হলে হিমের পরশ কোমল তোমার মন,
আমার কাছে সবার থেকে তুমি আপনজন।
তুমি হলে চন্দ্র সূর্য সবার চেয়ে ভালো,
মাগো আমায় জম্ম দিয়ে দেখালে পৃথিবীর আলো।
পৃথিবীতে জম্ম দিয়ে করলে আমায় ঋণী,
চিরসুখে রাখবো তোমায় ওগো শিরোমনি।

# ছাত্রসমাজ

সঞ্জয় হেম্ব্রম
(তৃতীয় বর্ষ, ইতিহাস সাম্মানিক)

জানে মোদের ছাত্রসমাজ
তোমাদের অবদান,
বিদ্যা জ্ঞান না থাকলে
হয় কেমন অপমান।
নিজের হাতে গড়লে তুমি
আমায় নিখুঁত করে,
জ্ঞানের প্রদীপ জ্বাললে তুমি
আমার হৃদয় ঘরে।
বিদ্যা শুধুই দাওনি তুমি
দেখাও বাঁচার পথ,
সেই পথেতেই চলবো আমি
এটাই যে শপথ।
তুমি মোদের শিক্ষাগুরু
তুমি মোদের আলো,
তুমি মোদের পথের দিশা
নতুন জীবন হলো।
শত বাধায় যায়নি ভুলে
আমার শিক্ষাগুরু
তোমার আশীর্বাদেই আমার
নতুন জীবন শুরু।
কেমন ভাবে যত্ন নিয়ে
দিচ্ছে শিক্ষাদান।
জানে এই ছাত্রসমাজ
গুরুর অবদান।

# কে তুমি?

লক্ষ্মী মোদক (তৃতীয় বর্ষ, বাংলা সাম্মানিক)

তোমাকে কি দোষ দেবো বলি?
ভুলটাতো আমার ছিল আমি
তোমাকে ভালোবেসেছিলাম।
তখন বুঝিনি সে আমি এ মেয়ের পিছু
নিয়েছিলাম যা হয়তো মিলিয়ে যাবে।
বুঝিনি যে তুমি আকাশের বুক থেকে
খসে পড়া এক টুকরো তারা যা কিছুক্ষণ পর
নিশ্চিহ্ন হয়ে যাবে।
হ্যাঁ ভয় ছিল আমার মনে যদি তোমাকে
আমি হারিয়ে ফেলি
ভাবতাম যদি সত্য তুমি হারিয়ে যাও।
কিন্তু বুঝতে পারিনি একদিন আমার
ভাবনাটাই সত্য হবে।
সত্য আমি এক কল্পনাকে ছুতে চেয়েছি।

# আমাদের গ্রাম

পৃথা ঘোষ (তৃতীয় বর্ষ)

চারিদিকে বনে ঘেরা
ছোট্ট একটি গ্রাম।
সেই গ্রামেতে থাকি আমার
কুরুল পাহাড়ী তার নাম।
তিনশো জন লোক সঙ্গে পঞ্চাশটি বাড়ি
এই নিয়ে আমাদের ছোট্ট গ্রাম তৈরি।
পূর্ব আকাশে পাহাড় ঘোষ
রবি ঠাকুর ওঠে
রবির আলোয় আকাশ যেন
ঝলমলিয়ে হাসে।
এই গ্রামেতে বারো মাসে
তেরো পার্বণ হয়
হেসে খেলে গ্রামের মানুষ
আনন্দেতেই রয়।
গ্রামের মধ্যে একটি পূজা
জমজমাটি হয়
গ্রামের মানুষ তাকে
দুর্গাপূজা কয়।
সন্ধ্যা হলেই ঘরে ঘরে
বিজলি বাতি জ্বলে।
সবাই মিলে গ্রামটি মোরা সাজাই
ভালো করে।
গ্রামের কথা বলবো কত শেষ যে হবে নাকো
ভগবানের কাছে প্রার্থনা করি সবাই ভালো থেকো।

> "অপরকে সম্মান করিতে শেখো, তবেই অন্যে তোমাকে সম্মান করবে।"
>
> - হজরত মহম্মদ।



# আমার বায়না

লীলাবতী গোস্বামী (তৃতীয় বর্ষ, বাংলা সাম্মানিক)

মা-গো তুমি দাও না আমায় দুটো ডানা করে
পরী হয়ে উড়ে বেড়াব রঙিন কাপড় পরে।
মা-গো সেই যে তুমি গল্প করতে পরী কন্যাদের
মস্ত বড় বড় দুটো ডানা দিয়ে উড়ে যেত বহুদূর,
তুমি বলতে ওরা নামে ঐ তেপান্তরের মাঠে
ফুল দিয়ে তারা চুল বাঁধে ডানা গুটিয়ে নেয় পিঠে।
আচ্ছা মা সেই তেপান্তরের মাঠ কোথায় আছে বললে নাতো তুমি
রঙিন নরম ডানা দিয়ে উড়ে গিয়ে তাদের সাথে খেলা করব যে আমি
তুমি ভাবছ বসে বসে, মেয়ে আমার রঙিন ডানা পেলে
পরী কন্যা হয়ে সে থাকবে না ঘরে, তাদের সাথেই যাবে চলে
না-গো-না দুষ্টুমি আমি করব না
পরীদের সাথে দিনরাত্রী থাকব না
যখন তুমি প্রদীপ হাতে গলায় কাপড় দিয়ে
যেই প্রণাম করবে তুলসি তলায় গিয়ে
অমনি আমি ফাঁকা পেয়ে যাবো ঘরে লুকিয়ে।
তুমি হয়ত বলবে একি তোর আজব যত বায়না
আচ্ছা মা তবে একটা স্কুটি কিনে দাও না।
সেই স্কুটিতে চড়ে আমি ঘুরব সারাদিন
শহরের এককোণা থেকে আর এককোণায়।
তাড়া করে বেড়াব আমি, মিটার মনের মতো
চেয়ে থাকবে সকল লোকে আমার মুখের প্রতি
তুমি ভাবছো সেই গাড়িতে চড়লে আমি,
ছেলে তোমার করবে রাগারাগি
না-গো-গো দাদাও চড়বে, কিন্তু চড়বে সে পিছনে
বিপদ আমি করবো না-গো কথা দিচ্ছি
আমরা ফিরে আসবো সন্ধ্যে হলে
মোটর সাইকেলের লাইট জ্বেলে।

# সকাল

সুজাতা চৌনী (তৃতীয় বর্ষ)

বৃষ্টিভেজা শরৎ আকাশ
শিউলি ফুলের গন্ধ,
মা আসছেন বছর ঘুরে
দরজা কেন বন্ধ?
আকাশ জুড়ে মেঘের দেশে
ফুলগুলো সব উঠল হেসে
সূয্যিমামা ওঠার আগে
চাঁদের আলো জেগে থাকে।
স্বপ্নগুলো সঙ্গে নিয়ে
রাঙিয়ে তোলো জীবনটাকে।

# স্কুল জীবন

পায়েল খাঁড়া (তৃতীয় বর্ষ, বাংলা সাম্মানিক)

খুব মনে পড়ে সেই স্কুল জীবনটা,
আমরা ছিলাম ছোট্ট।
নতুন দিদিমণি, পুরানো দিদিমণি আর প্রশান্ত স্যার
পড়া না পারলে খেতেই হবে স্যারের মার।
খেলতাম আমরা রান্নাবাটি, আরও পুতুল খেলা
আলুপটলে ঝিঙার ঝোল যায় না এখনও ভোলা।
গান হত, মজা হত, হত খুনসুটি,
প্রার্থনার লাইনে দাঁড়িয়ে কত যে ঝগড়াঝাটি।
প্রথম, দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ শ্রেণি পার করলাম
এবার আমরা একটু বড়ো হলাম।
সেই বন্ধু-বান্ধবী, সেই ঝগড়াঝাটি, স্যারদের বকাবকি।
শুধু পালটানো স্কুল, শ্রেণি আরও নতুন নতুন বই
পড়া ফেলে ক্লাসের মধ্যে সবাই মিলে হইচই।
আমাদের সেই আড্ডা দেওয়া, আইসক্রিম খাওয়া
ক্লাসের মধ্যে এর দিকে চাওয়া ওর দিকে চাওয়া।
আর কী পাব না সেই জীবন, সেই ফ্রেন্ডদের?
শ্বেতা, মানসী, ডলি, রুমা আরও অনেকদের।
হয়তো মাঝে মাঝে দেখা হবে আবার
কিন্তু সেই দিনগুলো কী ফিরে আসবে জীবনে আমার?
মান্নান স্যারের বকাবকি, বিষ্ণু স্যারের পড়ানো, দেবব্রত স্যারের মজা,
বিভিন্ন অনুষ্ঠান, ঝগড়া, পড়াশোনা, স্যারদের কত সব সাজা।
হয়তো কখনও আসবে না আর ফিরে
এইসব স্মৃতি রয়ে যাবে মনের মরে।

# প্রিয় বন্ধু

মহিতোষ সর্দার (তৃতীয় বর্ষ)

স্বপ্ন যখন চোখের পাতায়
ফুটবে কারোর হয়ে।
দাঁড়িয়ে তুমি থাকবে একা
সময় যাবে বয়ে।
ভেবো নাকো একলা তুমি
দুখের বোঝা নিয়ে।
দেখবে আমি পাশে আছি
তোমার বন্ধু হয়ে।



# বিদায়

ফাল্গুনী মণ্ডল (তৃতীয় বর্ষ)

কণ্ঠ আজকে রুদ্ধ মম
'অক্ষিদ্বয়' অশ্রুতে হয় সিক্ত।
তবু আজ জানতে বিদায়
হয়েছি সর্বহারা ও রিক্ত।
মোর মন যেন চায়
আরো কিছুদিন রাখিতে
আপনার -
এ বাহু বন্ধনে।
পারি নাকো মোরা, ভেবে ভেবে সারা
শুধু স্মৃতি টুকু
জাগে মোর মনে।
নমঃ নমঃ নমঃ ওগো শিক্ষা
গুরু মমঃ
প্রণাম তোমায়।
কালের করাল ছায়া
সব স্মৃতি মুছে মায়া
নব আসে নবীনের স্বাদ নিয়ে।
জানাতে বিদায় আমি খুঁজে মরি তায়।
এ ভূমে কার বেশি দাম।
শেষে সবাইকে ভুলিয়া
আমি তোমার চরণে জানাই প্রণাম।
অবসর যবে আসিল পাশে
আপনার কর্ম জীবনের মাঝে
দিনে দিনে ক্ষণে ক্ষণে
জ্ঞানী লোক, দিয়ে প্রাণে,
আলোয় ভরালে তুমি
গাঢ় অমাবস্যার সাঁঝে।
স্নেহ, মায়া, মমতায়
দিয়েছিলে মোরে ঠাঁই
আপনার চরণ তলে।
কতো প্রাণে দিয়ে আশা
কতো ওষ্ঠে ফোঁটালে ভাষা
প্রাণ হতে যবে উড়ে যাবে শ্বাসবায়ু
ভষ্ট হবে সেদিন।
আপনার স্মৃতি,
তার আগে নয়, তার আগে নয়
এই যেন হয় মম মতি।

# দাদু

ডোনা মল্লিক (তৃতীয় বর্ষ)

এক যে ছিল আমার দাদু - নামটি তাহার 'ভুঁটি'।
কাজ কর্ম ছিল না তার ছিল শুধু খাবার পরিপাটি।
সকালবেলায় দু-পাই মুড়ি সঙ্গে ছটা পরোটা।
তেল লঙ্কা পেঁয়াজ দিয়ে সারল সকল বেলাটা।
যেমনি একটু হল বেলা, চিন্তা দুপুরের তরকারিটা।
কী হবে কী হবে বলে মাথায় করছে বাড়িটা।
থলি দাও, টাকা দাও, নিয়ে আসি বাজারটা।
সকাল সকাল গেলেই পাবো সব টাটকা সবজিটা।
উচ্ছে বেগুন পটল মুলো সঙ্গে চিংড়ি ও লাউ।
খেতে বসে বলবে দাদু, আরো দাও, আরো দাও
খাবার সময় তার একটাই দোষ, ধরবে নানান খুত
ক'পিস চিংড়ি পড়ল পাতে হিসাব তার নিখুঁত।
তিনটা বাজলে চা চাই তার সঙ্গে পাউরুটি।
একটু এদিক ওদিক হলেই, ছাড়বে জোরে টুটি।
এরপর তার বাড়লো চিন্তা রাতের খাবার কারণ
খাবার যদি ঠিক না হয় তবে সিরিয়াল দেখা বারণ
এক পণ খাবো লুচি না হয় যেন কম
আলুভাজা, বেগুনভাজা সঙ্গে আলুরদম
মা, কাকিমা, জেঠিমা ডাকতো "হে মধুসূদন"
তবু না ভরতো আমার দাদুর মন।

# আত্ম সমর

বিবেক রায়
(তৃতীয় বর্ষ, দর্শন সাম্মানিক)

জীবনটাই সমর
কিন্তু এই ভাবে যদি বার বার
সম্মুখ যুদ্ধে পিছু হাটো তুমি
বুঝিবে কি আর
রণভূমি কত রয়ে গেছে বাকি?
হার মেনে যদি ফিরে এসো পিছে,
ক্রমাগত তুমি ধেয়ে যাবে নিচে।
উঠিবে না আর, জীবন বেকার
মুছে যাবে সব সুখের আসা।
কিছু না কিছু যখনই করিবে
বিপদ আসিয়া তোমাকে ঘিরিবে
তবে চরম সাধনা করিবে যখন
অনায়াসে হবে বাধার পতন
তখন মেলিয়া নয়ন, দেখিবে ভূবন
ধরা দেবে এসে, তোমারি কাছে।

যে মানুষটা বলে, আমার শিখবার নেই, সে মরতে বসেছে; যে জাতটা বলে আমরা সবজান্তা, সে জাতের অবনতির দিন অতি নিকট। 'যতদিন বাঁচি ততদিন শিখি।'
- স্বামী বিবেকানন্দ

# কাজী নজরুল ইসলাম

বলরাম মণ্ডল (তৃতীয় বর্ষ)

নজরুল ইসলাম তুমি এই মহাবিশ্বে
বিদ্রোহী কবি হয়ে আছো কবিতার দৃশ্যে।
তুমিই তো জালিয়াছো প্রতিবাদের প্রদীপ
কবিতার মধ্য দিয়ে -
তুমিইতো রেখেছো গরিবের মান
পেয়েছো তো অনেক কুলিমজুরের গান।
তাইতো জেগে আছো সবারি বুকে,
পূর্ণ করেছো সবার প্রাণ।
তুমি ওই উজ্জ্বল কণ্ঠে
গেয়ে গেছো শুধু প্রতিবাদী গান।
বলেছিলে ওরা সব এক জাতি
হিন্দু আর মুসলমান।



# অভিমানী প্রিয়া

করুণা সিং সর্দ্দার (তৃতীয় বর্ষ)

কে গো তুমি কড়া নাড় দরজায় এসে
কি চাও বল তুমি আমারি কাছে?
কিছু তো রাখনি প্রিয়া আমারি গৃহে
তবু তুমি ফিরে আসো কেন বারে বারে।
নিঃস্ব আমি, একা আমি, একা এই গৃহে
আমার যে কিছু নাই।
আছে প্রিয়া শেষ সম্বল জীবন আমার
ছিনিও না অভিমানে এটিও আবার।
আশ্রয়ের খোঁজে যদি এসেছো মোর কাছে
সোনার সংসার ছেড়ে চাইছ কি তবে।
সেই তুমি একদিন অর্থের লোভে
চলে গেলে ফেলে রেখে পথের মাঝারে।
মনে কি গো পড়ে সেই দিনের কথা
ভেঙে ছিলে তুমি মোর মনের বাসনা।
সবকিছু তুচ্ছ ভেবে করেছিলে হেলা
হৃদয় মন্দিরে বাতি নিভাইয়া প্রিয়া।
করজোড় প্রার্থনা করছি গো তাই
বারে বারে আশ্রয় খুঁজো না আমায়।
চিরকাল তোমার যে চাওয়ার শেষ নাই
অফুরন্ত অর্থ মোর আজকেও নাই।
জ্বালিও না আর তুমি যাও ফিরে ঘরে
অভিমানী প্রিয়া ওগো থাক তুমি সুখে।

# বৃষ্টি

সুভদ্রা গোস্বামী
(তৃতীয় বর্ষ, বাংলা সাম্মানিক)

বৃষ্টি তুমি বড়ই অদ্ভূত,
কেমন যে তোমার প্রকৃতি।
বোঝা বড় দায়,
কখনও তুমি ভালো,
কখনও তুমি ভীষণ খারাপ।
তোমায় ছাড়া আমরা থাকতে পারি না,
আবার তুমি এলে
আমাদের ভীষণ ক্ষয়-ক্ষতি হয়।
কিন্তু তবুও আমাদের তোমাকে দরকার।
তাই বলি
তুমি একটু জেনে-বুঝে এসো
তোমার দ্বারাই এই পৃথিবীতে সব সৃষ্টি
আবার তোমার দ্বারাই সব ধ্বংস,
এমন কেন হয় বৃষ্টি।

# স্যার একটা সুযোগ দিন . . .

রমেশ ঘোষাল (তৃতীয় বর্ষ, গণিত সাম্মানিক)

চৌরাস্তায় প্রায়ই দেখা গেছে ছেলেটাকে
পরণে জামা, ফুল প্যান্ট পায়ে জুতো
বুক পকেটে কলম গোঁজা হাতে ফাইল
গত কয়েক বৎসর ধরেই সে ঘুরে বেড়াচ্ছে এই
ভাবেই।
ভর সন্ধেবেলা অস্বাভাবিক ক্লান্তির পর
হতাশার ছাপ মুখে মেখে
চায়ের দোকানে বসে
আনমনে চায়ের কারটা হাতে নিয়ে
অফিসের দরজায়, কারখানার গেটে
এই ভাবেই ঘুরে বেড়াচ্ছে ছেলেটা
আর সে মিনতি করে বলছে - স্যার একটা
সুযোগ দিন।
যে কোনো, যে কোনো কাজের একটা সুযোগ
কিন্তু দিনের শেষে হতাশা মুখে।
মিশে যাচ্ছে অজস্র বেকারদের ভিড়ে
এক শীতের সন্ধ্যায় কাঁপতে কাঁপতে বিষণ্ন মলিন মুখে
খোকা ফিরছে বাড়ি।
ছেলের মুখ চেয়ে থাকা দরিদ্র বিধবা মা
জিজ্ঞাসা করলেন - 'খোকা কি হল তোর?'
হু হু করে কেঁদে উঠল ছেলেটা
সে কেঁদেই চলল
আজও সে কাঁদছে।
আজও অফিস ও কারখানায় অলিতে গলিতে
প্রতিধ্বনিত হচ্ছে, স্যার একটা সুযোগ দিন . . . . .

# সোনার বাংলা

মরতুবা খাতুন
(দ্বিতীয় বর্ষ, বাংলা সাম্মানিক)

বাংলা মায়ের গর্ব যে তুমি
শত বর্ষের জননী।
তোমার হাত ধরে মানুষ হয়েছে
কত যে তরুণ তরুণী।
কেউ ডাক্তার, কেউ বা উকিল
কেউ বা ইঞ্জিনিয়ার।
কেউ আবার তোমার কাছে থেকে
হয়েছে যে মাস্টার।
তোমার জন্মশতবর্ষতে
এই মিনতী যে করি
তোমার আশীষে আমিও গো যেন
তাদের স্মরণ করি।
শতবর্ষের জননী হয়েও
ভভা যে তুমি নও
এমনি করে বছর বছর
আগমন তুমি হও।



# কলেজ জীবন

পূজা মল্লিক (তৃতীয় বর্ষ, পাশ)

এই কলেজ আমার মা আমার সম্মান
আমি পড়াশুনো করে রাখতে চাই তার মান,
খাতড়া কলেজ এসেছি আমি অনেক কিছু জানতে
ঝগড়া বিবাদ নয় রাখবো বন্ধুত্বের সাথে।
অন্যায় আর রাজনীতি দিয়ে নয়
মায়ের শিক্ষায় শিক্ষিত হব আমার বাবার হাতটি ধরে,
সবাই বলে কলেজ মানে আড্ডা আর ছাতিমতল
আমি বলি নারে ভাই একসাথে চলি চল।
যতই দূরে আসি না কেন শিক্ষা নিতে
আমার মা-বাবার চেয়েও পারবে না কেউ শিক্ষা দিতে।
হাসিমুখে মেনে নেব আমার ভুল দোষ
ক্ষমা করে দিয়ো নিয়ো না কোনো প্রতিশোধ।
ভুলে যাব না নিজের স্বার্থে
মা-বাবার স্বপ্ন পূরণ করতে।

# ভোলাবাবা

শুভজিৎ মিশ্র (তৃতীয় বর্ষ, বাংলা সাম্মানিক)

কৈলাসেতে থাকো বাবা ভোলা মহেশ্বর
হিমালয়ের শীর্ষে তোমার বরফ ঘেরা ঘর।
দরখাস্ত লিখলে বাবা যাবে কি করে?
নিরুপায় হয়ে ডাকি তাই তো তোমারে।
তোমার ঘরে ফোন নাই, নাই ইন্টারনেট
ডাকে চিঠি দিলে প্রভু হয়ে যাবে লেট।
এই ভূবনে চরিদিকে রয়েছে গন্ডোগোল
সবকিছু লন্ডভন্ড, হচ্ছে ডামাডোল।
একবারটি এসো প্রভু নটরাজ বেশে
নেচে কুঁদে সমান কর শান্তি ফিরুক দেশে।

# আশা পাখি

অপূ মাঝি (তৃতীয় বর্ষ)

বাবুই পাখি বাসা বাঁধবে,
মনে তার আশা জাগে
চির জীবন রইবে সুখে
কোনো চিন্তা আসবে না ঘরে।
বাবুই ও তার পরিবার
জেগে রইবে ঘরে তার
এই আশাতেই আলো জ্বালায়
বেঁধে রাখে জোনাকিরে ধরে।
যাবে তারা ঘরে বসে
বৃষ্টি যখন পড়বে রোশে
মোরা তখন রইব চেয়ে
দোরের বাহিরে।
জানেনা হায়! অবুজ পাখি
বৃষ্টি যখন আসবে ঝাঁকি
ঝোড়ো হাওয়ায় তাদের বাসা
থাকবে না আর ঝুলে।

# মা সরস্বতী

পূজা কুম্ভকার (প্রথম বর্ষ)

পরীক্ষা হলে তোমায়,
ডাকি ভগবান।
প্রশ্নপত্র পড়ে মোর,
কাঁপিছে পরাণ।
সারাটা বছর ধরে দিয়েছি ফাঁকি,
তাই এই বিপদে তোমাকে ডাকি।
বীণাপাণি মাগো তুমি আছো কোনখানে।
বিপদ সাগরে পার করো মা আমারে।
পড়ুয়া ছেলেরা দেখি বেশ লিখে যায়,
হিজিবিজি লিখি আমি খাতার পাতায়।
যত ভাবি ঠিক তবু ভাবি অকারণ,
পড়াছাড়া গতি নাই নাহি প্রমোশন।

# অবুঝ মানুষ

উত্তম পাত্র (তৃতীয় বর্ষ, বাংলা সাম্মানিক)

এই পৃথিবীটা খুবই সুন্দর,
কিন্তু এই পৃথিবীর মানুষেরা সবাই অবুঝ।
তারা বোঝে না গাছ কাটলে গাছের কতটা কষ্ট হয়,
তাই, তারা গাছকে অন্যায়ভাবে অত্যাচার করে,
মানুষে মানুষে বিদ্বেষ আর করে খুনোখুনি -
সমাজের জঘন্য চরিত্রের মানুষেরা চাই না অপরকে
সাহায্য করতে।
সাহায্যের হাতটা বাড়িয়ে দিলে ক্ষতি কি?
কিন্তু অবুঝ মনের মানুষেরা সেটা বোঝে না,
মানুষে মানুষে মিলেমিশে থাকলে,
তবেই তো এ সমাজের উন্নতি সম্ভব।

# নিষ্ঠার বন্ধু

প্রসেনজিৎ লোহার
(তৃতীয় বর্ষ, বাংলা সাম্মানিক)

বন্ধু তুমি কেন নিষ্ঠুর
বারে বারে করো অপমান
সত্যিই তুমি দাও না আমায়
বন্ধুত্বের সম্মান।
আপন ভেবে ভালোবেসেছিলাম
করছো তুমি আমায় পর
দুঃখ ছাড়া কিছুই দাওনি
দিয়েছো কালবৈশাখী ঝড়।
কথা দিয়েও কথা রাখোনি
করছো অপমান
তবু যে তোমায় ভালবাসে
করবে না কোন অভিমান।



# ভালোবাসা

উর্মিলা আউলি (দ্বিতীয় বর্ষ)

সবাই যাকে খারাপ বলে তাকেই আমি ভালোবাসি,
সবাই যাকে হিংসে করে তাকেই আমি ভালোবাসি।
এই জগতে সবার ভালোবাসাই খারাপ,
ভালো খারাপের নেই ভেদাভেদ।
তবুও আমি কী করেছি ভুল সবাই কেন করে দূর দূর।
বলতে পারো অন্যায়কে প্রশ্রয় করা ঠিক,
আমার মনে হয় সবাই ঠিক শুধু আমিই ভুল।
তাই মনে হয় এমন দূর দূর।
আমি যেন তাদের থেকে সবদিনের জন্য দূর হয়ে থাকি
এজীবনে। বিশ্ব পৃথিবী সবার জন্য।
প্রতিদিন সূর্য ওঠে চন্দ্র ওঠে শুধু একজন দুজনের জন্য নয়
সবার জন্য তেমনি ভালোবাসা সবার জন্য,
তাতে নেয় কারো কোনো জোর।

# পাখি

দীপক হাঁসদা (তৃতীয় বর্ষ)

পাখি, তুমি তো উড়ে যাও ঐ নীল আকাশের বুকে
দিগন্ত থেকে দিগন্তে উড়ে চলো
ঐ মহাশূন্যের পথে।
পাখি, তুমি কি পারো না আমাকে
তোমার সঙ্গী করে নিতে।
আমি হয়তো পারবো না
তোমার সাথে যেতে।
কিন্তু আমার মন তো পারে,
তোমার সঙ্গে ঐ মহাশূন্যের পথে যেতে।
পাখি, তুমি কি পারো না তোমার ঐ কচি
ডানা, কচি হৃদয় দিয়ে আমার
সেই মনের ঠিকানায় পৌছে দিতে,
যেখানে আমার মন চায় যেতে।
পাখি, তুমি তো সর্বদাই ঘুরে বেড়াও ঐ নীল
আকাশের বুকে।
খুঁজে আনতে পারো না কি?
আমার সেই স্বপ্নের প্রদীপ।
যে আমায় সর্বদাই কাছে পেতে চায়।

# মরীচিকা

শচীন বাউরী (তৃতীয় বর্ষ, ইতিহাস সাম্মানিক)

আমার স্বপ্ন পূরণ হল না তো ভাই,
তাই নতুন কোনো স্বপ্ন দেখিতে নাই চাই।
পথ প্রান্তে চায়, কোথাও . . . কিছু নাই,
পড়ে আছে বালী আর পাথর, কিন্তু সে নাই।
আমার নয়নের রঙিন স্বপ্ন পূরণ হয়ে গেছে।
আর কভু স্বপ্ন দেখে, ফিরবো না পিছে,
সুখ ভেবে গভীর কুয়াশায় দিই পাড়ি।
কুয়াশা শেষে দেখি সুখ আছে, নেই মোর সারী।
স্বপ্ন শেষে করাঘাত করি মোর শিরে,
কিন্তু, তখন মোর ফেরার উপায় নেই নীড়ে।
নতুন করে স্বপ্ন দেখি ঘুম জড়ানো চোখে,
তবু সেই ভালোবাসার অগাধ বিশ্বাস মোরে।
আজও রেখেছে ঘন কুয়াশার ঘোরে,
আমার নীলাভ চোখে ছিল স্বপ্নের কতই না আশা,
সেই স্বপ্ন একদিন মরীচিকার মতো করল আমায় হতাশা।

# সরস্বতী

শুভজিৎ মিশ্র (তৃতীয় বর্ষ, বাংলা সাম্মানিক)

বিদ্যাদেবী মাগো আমার বিদ্যা আমায় দাও
তুমি তো প্রতি বছর অনেক পুজো পাও।
প্রথম পাতা খোলার আগে প্রণাম জানাই তোমায়
তাইতো বলি কৃপা করো, বিদ্যা দাও আমায়।
পুজোর সময় শতবার প্রণাম জানাই তোমায়
দয়া করে প্রাণ ভরে বিদ্যা দাও আমায়।
দোহাই তোমায়, মাগো তুমি একটু বিদ্যা দাও
যত খুশি পুজো দেব, যত তুমি চাও।
দেখতে দেখতে এসে গেল তোমার পুজোর দিন
সেদিন আনন্দে কাটে সবার সারাদিন।



# সমাজ

নমিতা মণ্ডল (দ্বিতীয় বর্ষ, বাংলা)

সমাজ আর নেই বেঁচে, বেঁচেও যেনো মরে
সুন্দর সমাজ আজ মন্দ হবার তরে।
সমাজে আজ নেই লজ্জা নেই বিবেক
মন্দ কথায় মন্দ চালে হয়েছে সবশেষ।
হে অদৃশ্য কোথায় জগৎ যাচ্ছে লুটোপুটি
হচ্ছে সব শেষ বিনাশ পৃথিবীর
সমাজে আজ নেই সত্যের ছন্দ
সকলের কাছে সমাজ হয়েছো তুমি মন্দ।
আমি শুনেছিলাম মনে, পৃথিবীর কোণে
হয়েছিল ছিয়াত্তরের মনন্তর
চারিদিকে কেবল ক্ষুধিত মানুষের হাহাকার
অনাহারিদের আর্তনাদ, কষ্টের চিৎকার।
হে বন্ধু বলো এ কোন মনন্তর
হেতায় সকল মানুষ বিবেক লজ্জা
চেতনার ক্ষুধায় ক্ষুধিত।
এ ক্ষুধার কী নতুন শতাব্দীর পতন ঘটাব
হে রংবেরং এর সমাজ ধিক্কার তোমার
তবু নেই তোমার লাজ
চাই না উন্নত যুগ উন্নত সমাজ অহঙ্কারের দেশ
ফিরিয়ে দাও সেই সাম্যজীবন যা শাসনে ঘেরা
সেই সৎ সুন্দর জীবন
হে সমাজ শুনহে শুনো
মানুষের দোষে বৃথা তুমি দোষী হও কেন।

# জীবনের মূল্য

নমিতা মণ্ডল

বাস্তব বোঝা কঠিন তাই, তার থেকে যখন,
দূরে থাকার চেষ্টা করি।
নতুন কঠিনতায় জড়িয়ে পড়ি সেই তখন
অসহ্য দুঃখ অনুভব করি।
দেখি এক নতুন দেশ, আমাদের মতোই
দেবে মানুষগুলো হিংসা স্বার্থপর।
শিক্ষিত হয়েও তাদের অমানবিক আচরণ।
ঠিক জঙ্গলের পশুর মতো।
সেখানে নারী শ্রেণি, অবহেলিত পায়ের তলে,
স্বাধীনতা হীন।
অন্যসব জিনিসের মতো, বাজারের সামগ্রী।
নির্বারিত তাদের জীবনের মূল্য।
তাদের কোনো আশা নেই। কোনো অধিকার নেই।
আছে অপমান, আছে লাঞ্ছনা।
আছে চোখের কোনো ভরা, প্রতিহিংসার আগুন
কিন্তু নিস্তেজ, স্ফুলিঙ্গহীন।
আমি তা দেখি কষ্ট পাই, জালিয়ে তুলি।
সেই আগুন সমগ্র শরীরে।
এ যেন আগুন নয়; আত্মরক্ষার ভাষা
বাঁচার অধিকার।
হাতের নরম মুষ্টি, কখন, পাথর হয়ে যায়
সাথে দেখি এগিয়েছে অনেকেই
চোখের জল মুছে, প্রতিশোধ নিতে।

# বাবার জন্য

প্রিয়া পাত্র

প্রেমিক বিচ্ছেদ তো কষ্ট পাইনি জন্মদাতা
বিরহে কেঁদে ওঠে মন, ভাবলে তোমার কথা
জ্ঞানহীন শিশুর প্রথম প্রেম তুমি জানো কি জনক?
দান করবে পরের হাতে পরিচয় দেবে সোনার নোলক
কাঁদবো যেদিন, ঘেঁটে যাবে চোখের কাজল
আমিও তো দেখবো তোমার আঁখি সজল
তোমার ছোট্টো রাজকন্যাকে রেখেছিলে আদরে
হতাশাগুলো ঢেকে নিতে তোমার ভালোবাসার চাদরে
অপক্ক হাতে একদিন বাঁধতাম তোমার চুল
শৈশব থেকে যৌবনে শুধরে দিয়েছো একের এর এক ভুল
পড়ে গেলে কাঁদতাম, তুমি কোলে নিতে
আমার দুষ্টুমি গুলো প্রশ্রয় দিয়ে ভাসাতে আমার স্রোতে
আর তো এসব হবে না, চুপ করে থাকবো শুধু ব্যথায়
তোমার আমার প্রেমের হয়ে যাবে ইতি
ফিরে পেতে চাই দিনগুলো, কিন্তু সেসব তো আজ স্মৃতি।

# পাখি

অপর্ণা গোপ (দ্বিতীয় বর্ষ, কলা)

যদি আমি পাখি হতাম,
থাকতো আমার ডানা।
উড়ে গিয়ে তোমার সাথে,
করতাম আমি দেখা।
নয়কো আমি পাখি,
নেই তো আমার পাখা।
কেমন করে তোমার সাথে,
করবো আমি দেখা।



# আবেগ

অতনু পরামানিক (তৃতীয় বর্ষ)

মনের এই প্রত্যক্ষ দৃষ্টিতে,
দেখতে পেলাম তোমায় আমার দোরগড়াতে।
তোমাকে রাখিলাম মনের বদ্ধ পিঞ্জরে,
কেন কর খট! খট! মনের ভিতরে?
কেন তুমি বোঝ না আমার এই বদ্ধ আবেগের কথা?
চাই নিতে আমি তোমার মনেরেই ব্যথা।
তুমি আমার প্রাণ, আমার মন,
করে নিতে চাও না কেন আমাকে আপন।

# স্মৃতি

ঝুমা প্রামানিক (তৃতীয় বর্ষ)

ভালো লাগে না আমার এই পৃথিবীর জল,
এই আলো হাওয়া আর এই স্থল।
মনে পড়ে বারে বারে তোমার সেই ছবিটারে,
আমার এই শূন্য জীবনে, জানি তুমি আসবে না ফিরে।
পেয়েছি কত দুঃখ, পেয়েছি কত সুখ,
পারবে কি আমার মন, ভুলতে তোমার মুখ।
জীবন যখন শূন্য ছিল, শূন্য ছিলাম আমি,
জানতাম তুমি আসবে না, এলেও না তুমি।
একদিন জীবন হবে শেষ স্মৃতি শুধু রয়ে যাবে,
তুমি কি আমার হবে? এ সংশয় রয়ে যাবে।

# First Love Proposal

Biswarup Patra
(3rd Year, English Hons.)

I touch your beautiful hair
But your hair are soft with winter air
You are so sweety and so beautiful
Your fairness is very powerful.
When first I touched my heart flew high
On grasshopper wings through a cloudness sky
She told me my feelings would surely fade
Passion would flare and love would be made.
So my love is so serious
Will you spend the rest of your life with us
True love can change a rivers course
Or pierce the strongest vault will ease.

> "Even without going through Gita one can realise God through football." গীতা-চর্চা না করেও একজন ব্যক্তি ফুটবল খেলার মাধ্যমে ঈশ্বরকে উপলব্ধি করতে পারে। - স্বামী বিবেকানন্দ।

> ''যে ব্যক্তি শুধু নিজের বুদ্ধি বিবেচনাকেই নির্ভুল মনে করে, সে পদে পদে হোচট খায়।'' - আসমায়ী।



গল্প

# অদৃষ্ট

শিখা সূত্রধর (তৃতীয় বর্ষ, বাংলা সাম্মানিক)

আজ আকাশে কোনো তারা দেখা যাচ্ছে না। মেঘে যেন সমস্তটাই গ্রাস করে রেখেছে। আকাশে চাঁদ আছে; অথচ তার দীপ্তি স্তব্ধ হয়ে আছে, মেঘের আড়ালে আজ পূর্ণিমা, অথচ দেখ চারিদিক ঘুটঘুটে অন্ধকার।

প্রকৃতির এই লীলাখেলা দেখে আলি তার উঠোনে বসে বসে ভাবে, যে, তার অবস্থাটি এখন ঠিক ওই চাঁদের মতন। পূর্ণিমার দীপ্তিজ্জ্বলতাকে যেন ওই মেঘ আবদ্ধ করে রেখেছে।

এদিকে ছিপ ছিপ লণ্ঠন নিয়ে তার স্ত্রী, শাবিনা তার চার মাসের পুত্র সন্তানকে নিয়ে বেরিয়ে আসে উঠোনে। শাবিনা আলিকে মনে করিয়ে দিয়ে বলে যে, আর দুমাস পরেই তাদের সন্তানের অন্নপ্রাশন। কিন্তু এই খরাতে চাষবাসের যা অবস্থা, তাতে তো কিছুদিন পর থেকে তাদের উপোস করতে হবে। কারণ যেটুকু ফসল ছিল তা জমিদারকে কর দিতেই প্রায় সব শেষ। আর এদিকে এই হিন্দু এলাকায় এই অভাগা মুসলিমকে কাজ দেবে কে? এই ভেবে তারা চিন্তিত। এই চিন্তায় তাদের চোখে ঘুম প্রায় নেই। এইভাবে রাত পেরিয়ে দিন হল, আলি সকাল হলেই এদিক ওদিক ছোটে কাজের খোঁজে। কিন্তু হিন্দু এলাকায় মুসলিমের জলস্পর্শ পর্যন্ত করে না কেউ। তাই কপালে কোনো কাজও জোটে না তার। এদিকে আলির মন ক্রমশই দুর্বল হতে থাকে এবং নিজেকে কাপুরুষ মনে করতে থাকে, যে নিজের স্ত্রী-পুত্রের দায়িত্ব নিতে অক্ষম।

এই এলাকারই মধ্যে ছিল এক হিন্দু পরিবার। যাদের কাছে তারা অনেক সাহায্যই পেত। ওই পরিবারের কর্তা, সুশান্ত; যিনি আলির থেকে বয়সে বড়ো হলেও তার বন্ধুর মতনই ছিল। এই পরিবারটির ছিল তাদের একমাত্র সঙ্গী। বাকিরা তাদের সাথে কথা পর্যন্ত বলত না।

এইরকম হতাশার দিনে হঠাৎ একদিন সুশান্ত আলির কাছে একটি কাজের প্রস্তাব দিল। প্রস্তাবটি হল নগরের বাইরে কাজে যাওয়া, সেখানে অনেক কাজ, পয়সাও বেশি; শুধু সমস্যা একটাই; সেটি হল পরিবারকে ছেড়ে বাইরে যেতে হবে। কিন্তু এই প্রস্তাবে আলি প্রথমে রাজি না হলেও শাবিনার বোঝানোই শেষ পর্যন্ত সে রাজি হয়। কিন্তু তার আরো এক চিন্তা জাগে মনে যে, সে গেলে আপাতত তার স্ত্রী পুত্রের দিন চলবে কি করে? তখন শাবিনা বলে - ''কোনো কাজ করে ঠিক চালিয়ে নেব''। কিন্তু কে হিন্দু এলাকায় মুসলিম বউকে কাজে নেবে? তখন সুশান্তর স্ত্রী আলিকে বলে যে জমিদার বাড়িতে একজন লোক দরকার বাগান পরিচর্চার জন্য। তাই সেই কাজে যদি আলি রাজি থাকে তাহলে হয়তো সে জমিদার গিন্নীকে বলে শাবিনাকে কাজে লাগিয়ে দেবে। জমিদার বাবু মুসলিম বউকে রাখতে না চাইলেও জমিদার গিন্নীর নরম মনের মানুষ, ওনি জমিদার মশায়কে ঠিকিই রাজি করিয়ে নেবেন। এতে তারা দুজনেই রাজি হয়।

এরপর একদিন সুশান্ত ও আলি নগরের বাইরে রওনা দেয়। এইভাবে শাবিনাও তার দুবেলা খাবারের ব্যবস্থা ঠিক করে নেয়। এইভাবে দিন পেরোতে থাকে। আর শাবিনা অপেক্ষা করতে থাকে,

কবে দু-মাস পেরোবে, আলি আসবে আর তার পুত্রের মুখে ভাত দেবে।

হঠাৎ একদিন জমিদার বাবুর একমাত্র শ্যালক এসে উপস্থিত। সে আবার প্রথম দেখাতেই শাবিনার প্রতি আকৃষ্ট হয়। আর শাবিনাকে প্রস্তাব দেয়, কিন্তু শাবিনা রাজি হয় না কাল। শবিনাকে জোর সে রাজি করাতে ব্যর্থ হয়। এই ঘটনার পর থেকেই শাবিনা আর জমিদার বাড়িতে যায় না, শত কষ্ট সত্ত্বেও।

আর এদিকে জমিদারের শ্যালক, বীরেন্দ্র ব্যর্থ হওয়ার আগুনে দগ্ধ হয়ে শাবিনাকে হেনস্তা করার চেষ্টা করে। আর যেদিন শাবিনা কাজ ছাড়ার কথা জমিদার বাড়িতে যায় সেদিন থেকেই জমিদার গিন্নীর একটি সোনার মোটা ঝিলি মিলি হারটি নিখোঁজ। বাড়ির সমস্ত জায়গা খোঁজার পর বাড়ির ঝি-চাকরদের কাছেও হারটি না পাওয়া গেলে শাবিনার বাড়িতে গিয়ে তার বিছানার নীচে হারটি পাওয়া যায়। আসলে হারটি বীরেন্দ্র নিয়ে শাবিনার ঘরে গিয়ে রেখে আসে, তার না থাকা অবস্থায়।

শাবিনার মাথায় অপমানের এক বাজ ভেঙে পড়ল। সকলে তাকে চোর বলে অপবাদ দেয়, বলে "তার অভাবে স্বভাব নষ্ট হয়েছে"। জমিদার বাড়িতে তার বিচার চলে। আর তাকে এই নগর ছাড়া করার সিদ্ধান্ত নেওয়া হয়, শাস্তি হিসাবে।

তখন আলি আসার আর মোটেই দুদিন বাকি, যেদিন তার ছেলের মুখে অন্ন তুলে দেবার কথা। ওদিকে আলি প্রস্তুত হয়েছে ছেলের অন্নপ্রাশনের জন্য, এমনকি সব জিনিসপত্র পর্যন্ত কেনা হয়েছে - স্ত্রী-ছেলের নতুন কাপড়, পায়েসের জন্য চাল, ছেলের জন্য নানান খেলনা ইত্যাদি। আনন্দে আলির মন উৎসুক হয়ে রয়েছে বাড়ি ফেরার জন্য। এরপর আলি সুশান্ত নদীপথে নৌকায় রওনা হয়। কিন্তু হঠাৎই নেমে এল এক তুফান, সেদিন তাদের আর বাড়ি ফেরা হল না। বাড়ি ফিরতে দুদিন আরো দেরি হবে বলে সংবাদ পাওয়া যায়। আর আলি উতলা হয়ে ওঠে।

এদিকে শাবিনা আর অপমানের বোঝা বইতে পারে না। তাও সে আলির ফেরার দিন পর্যন্ত অপেক্ষা করেছিল, যেদিন তার ছেলের মুখে ভাত-এর দিন ছিল। কিন্তু সেদিন আলি না আসায় শাবিনা হতাশ। আর গ্রামের লোক তাকে গ্রাম ছাড়ার হুমকি দিয়ে যায়। আর বলে যায়, সে না গেলে তাকে জোর করে তাড়ানো হবে।

শাবিনা সেদিন সুশান্তর স্ত্রীর কাছে কিছু টাকা ধার করে নিয়ে আসে; আর তাকে বলে, "দিদি অমি জানি যে এই টাকা অমি আর শোধ দিতে পারব না; তা সত্ত্বেও চাইলাম। তবে এখন আসছি।" সেই টাকা দিয়ে সে দোকান থেকে বিষ কিনে আনে। তারপর সেদিন প্রথমে তার সন্তানের মুখে অন্নের পরিবর্তে বিষ তুলে দিয়ে নিজেও বিষপান করে।

পরের দিন সকালে যখন আলি ও সুশান্ত বাড়ি ফিরে আসে তখন তারা দেখে যে আলির বাড়ির উঠোনো মানুষের ভিড় জমেছে। আলি ভিড় ঠেলে ভিতরে প্রবেশ করে। আর দেখে তার স্ত্রী শাবিনা ও তার ছয় মাসের পুত্র সন্তান চিরকালের জন্য খাটে নিস্তব্ধ হয়ে শান্তিতে ঘুমিয়ে পড়েছে।

আলির হাতের যে সমস্ত ব্যাগে খেলনা, চাল, কাপড় ছিল তা মাটিতে পড়ে যায়। খেলনাগুলি সব টুকরো টুকরো হয়ে যায় আর আলির চোখ থেকে গড়িয়ে চলেছে অশ্রুধারা।



# জীবনের ব্যথা

মিন্তন দাঁ (বাংলা সাম্মানিক)

আমার জন্ম হয় ধানড়া অঞ্চলের এক গ্রাম্য পরিবারে। সেখানে নেই কোনো যানবাহনের সুবিধা। শুধু সবুজ দিগন্ত ব্যাপী মাঠ আর মাঠ। আমিও প্রকৃতির মাঝে আর চার-পাঁচটা ছেলে-মেয়ের মতো বড়ো হয়ে উঠেছিলাম। এই পরিবারের কনিষ্ঠতম পুত্র ছিলাম আমি। পাঁচ বছর বয়সে আমি আমাদের গ্রামের স্কুলে ভর্তি হয়েছিলাম। সে এক বিরাট আনন্দের মুহূর্ত। প্রত্যহ সকালে ৯.৩০ মিনিটে বাড়ি থেকে বার হতে হত। এই গ্রামের স্কুলে আমার দুজন বন্ধু জুটল। প্রেয়ার লাইনের প্রথমে দাঁড়াবার জন্য রোজেই ঝগড়া হত আমাদের মধ্যে। আর আমরা ক্লাস রুমে বসে বসে ভাবতাম কখন টিফিনের ঘন্টা বাজবে। তারপর সেই মুহূর্ত এসে হাজির হলে, আমরা সকলেই হইহই করে ছুটে বাইরে বের হতাম। তখন আমার মনটা শান্তিতে ভরে যেত। কারণ আমরা সকলেই শৈশবে গন্ডিবদ্ধ জীবন ভালোবাসি না। কিভাবে যে আমার চার বছর গ্রামের স্কুলে কেটে গেল, তা আর বলে বোঝাতে গেলে অনেকটা সময় লেগে যাবে। এরপর আমি বুঝতে পারলাম পারিবারিক অসচ্ছলতার কথা। আমার পিতা ছিল অত্যন্ত দীনদরিদ্র খেঁটে খাওয়া মানুষ। যেদিন কর্মক্ষেত্রে যেত সেই দিনেই আমার দু-মুঠো অন্ন খেতে পারতাম। আর যেদিন যেত না, সেদিন হয়তো আমাদের শুকনো মুড়ি চিবিয়ে দিন কাটাতে হত। এই তো জীবন। সে যেভাবেই হোক আমি মাধ্যমিকে পাশ করলাম। সে যেমন তেমন নয় একেবারে ফাস্ট ডিভিশন। এ এক দুঃখির জীবনে আর এক সুখের মুহূর্ত। এরপর আমি উচ্চমাধ্যমিকে আর্টস নিয়ে ভর্তি হয়। সেটিও আমার জীবনের দুঃখের একটা বেড়াজাল। প্রতিদিন পনেরো কিলোমিটার সাইকেলে চড়ে যেতে হত আমাকে। এই অচেনা স্কুলের মাস্টারেরা ধীরে ধীরে আমার জীবনের সঙ্গে মিশে গেল। তারা আমাকে প্রতি মুহূর্তে পড়াশোনার জন্য উৎসাহ যোগাত। প্রতি পদে পদে পা ফেলার আগে আমি চিন্তা করতাম আমার পিতার দুঃখের কাহিনীর কথা। সেই দুঃখের পাতা জালে আমি জড়াতে চাই না। আমিও শহরের আর পাঁচটা বাবুদের মতো হতে চাই। তাই তো আমার জীবনের এই চলার পথ। সে সব দুঃখের কথা আমি আরও পরে বলছি ফিরে আসি পড়াশোনার জগতে। যেদিন আমি উচ্চমাধ্যমিকের ফলাফল আনতে যাই সেদিন আমার জীবনে একটা ঘটনা ঘটল। রাস্তার দুইপাশের সারি সারি গাছগুলো আমাকে এই দুবছরের মধ্যেও একদিনও নাড়া দেয়নি। এই প্রথম আমি বুঝলাম সেই দাঁড়িয়ে থাকা গাছগুলো আমাকে যেন জড়িয়ে ধরতে চাই। আর আমাকে বলছে ওগো বন্ধু তুমি যেও না ছেড়ে আমাকে, তোমার অন্তঃপুরীতে আমার নিবাস। এইভাবে আমার জীবন বেশ কাটছিল। হঠাৎ আমার জীবনে নেমে আসে এক ঘন ঘটা মেঘ। বাড়ি ফিরে দেখি পিতার শরীর খুব অসুস্থ। রোগ আর কোনো মতে ধরা পড়ছে না। আমার মনে ঢেউ উঠেছে। এই ঢেউ আমার সমস্ত স্বপ্নকে দুমড়ে-মুচড়ে একাকার করে দিল। টাকার অভাবে যখন আমি আমার পিতাকে ভালো নার্সিংহোমে ভর্তি করতে পারছিলাম না, তখন নিরুপায় হয়ে বাড়িতে বেড়ে ওঠা একটা গাভীকে বিক্রয় করতে হল। এই গাভীটা ছিল আমার কাছে অতি প্রিয়। কারণ একে আমি ছোটো থেকে হাতে কোলে করে মানুষ করেছিলাম। সেও যেন আমাকে বুঝত আর আমিও যেন তাকে বুঝতে পারতাম। আমার মর্মবেদনায় সে যেন মর্মান্তিক হত। যখন এই প্রিয় গাবীটাকে টাকার বিনিময়ে অপরের হাতে তুলে দিলাম তখন আর চোখের জল আমার অন্তঃপুরীকে ছারখার করে দিলো। সে যেন

বলছে আমি আজীবন তোমার সঙ্গে থাকার প্রতিশ্রুতি নিয়েছিলাম, তাহলে আজ কেন আমাকে দূরে সরিয়ে দিচ্ছো। তখন আমি বুঝলাম এই জগতটা শুধু টাকার বাস। টাকা ছাড়া এই পৃথিবীতে তোমাকে কেউ চেনে না। আজ তুমি এই প্রকৃতির বুকে একা, তোমার আত্মীয়স্বজন সবাই তোমার বিমুখী হয়ে দাঁড়িয়ে আছে। এরপর যখন আমি আমার পিতাকে নিয়ে যায় ওই অদূরের ক্লেদাক্ত শহরের দিকে তখন সে যেন আরো গুরুতর অসুস্থ হয়ে পড়ল। পিতা আমাকে এই শহরের পরিবেশে আমার দমবদ্ধ হয়ে যাচ্ছে। তুমি আমাকে ওই সবুজ শ্যামল দিগন্তের প্রান্তে নিয়ে চল যেখানে আমি চিরতর সুখের ঘুম দিতে পারি। যে পিতা নিজে না খেয়ে আমাকে খাইয়ে পড়াশোনা করান, সেই পিতাকে এমন দুর্দিনে দু-মুঠো অন্নও খাওয়াতে পারবো কিনা কে জানে। এ যেন নিজের ধিক্কার। আরো কিছু টাকার অভাবে আমার পিতাকে বাঁচাতে পারলাম না। তখন যেন নিজেকে বড়োই অসহায় বোধ করতাম। যেন আমার কাছে একে একে সবাই চলে যাচ্ছে - এই পৃথিবীর বুক ছেড়ে। যে প্রকৃতির মাঝে আমি বড়ো হলাম, সেই প্রকৃতিই আমাকে আজ নিঃস্ব করে দিলো। তবে শেষ করার আগে একটা কথা বলতে চাই তোমাদেরকে - জীবনে তুমি যতটুকুই পাবে ততটুকুই নিয়ে সন্তুষ্ট থাকবে।

''মঙ্গল প্রভাতে
মস্তক তুলিতে দাও অনন্ত আকাশে
উদার আলোক মাঝে উন্মুক্ত বাতাসে'' - রবীন্দ্রনাথ ঠাকুর



# উত্তমরচনা

দোলন করমোদক (তৃতীয় বর্ষ, কলা বিভাগ)

এক শহরে এক নামজাদা পরিবার ছিল। পরিবারটির নাম ''বসু পরিবার''। মোট পাঁচজনের এই পরিবারে সর্বত্রই আনন্দ বিরাজ করত, দেখে মনে হত যেন একটি ''আনন্দ আশ্রম''। ''দুই ভাই'' তাঁদের বাবা-মা ও ঠাকুরমার সাথে থাকত। ঠাকুরমা ছিলেন তাঁদের ''প্রিয় বান্ধবী''। ঠাকুরমা ''কমললতা'' দেবীর একটি অতিপ্রিয় আংটি ছিল, তাঁর স্বামীর কাছ থেকে উপহার পাওয়া সেই ''লালপাথর'' বসানো আংটিটা তিনি কখনোই হাতছাড়া করতেন না। ভাই দুটি পড়তো বসতো একসঙ্গে, ''শেষ অঙ্ক''টা কোনোমতে করেই তাঁরা খেলতে চলে যেত, বিকেলবেলাটা ছিল তাঁদের খেলার একমাত্র সময়, এই সময়টার জন্য তাঁরা সারাদিন ধরে অপেক্ষা করে থাকত। মাঠে গিয়ে তাঁরা ''বাঘবন্দী খেলা'' খেলত। তাঁদের বাড়িতে ''অন্নপূর্ণার মন্দির'' ছিল, সেখানে যখন তাঁদের মা ''সাঁঝের প্রদীপ'' দেখাতেন, তখন তাঁরা দুজনে মাঠ থেকে বাড়ি ফিরত। একদিন তাঁরা দুজনে খুব বায়না ধরল যে ''চিড়িয়াখানা'' দেখতে যাবে, অগত্যা নিয়ে যাওয়া হল, কিন্তু কলকাতা মানেই ট্রাফিক জ্যাম, তাড়াতাড়ি ফিরব বললেই তো আর ফেরা যাবে না, ফলে ফেরার সময় তাঁদের ''পথে হল দেরি''। পরদিন ওরা স্কুলে গিয়ে নানারকমের পশুপাখির গল্প সকলকে বলতে লাগল।

দেখতে দেখতে বারো বছর পার হয়ে যায়। বড় ভাই ''সব্যসাচী''র পড়াশুনা এখন শেষে দিকে, কিন্তু সে অভিনয় করতে চায়। পাড়ার নাটকে নামও দেয়। একবার এক নাটকে এক চিত্রপরিচালক ''বিচারক'' হয়ে আসেন, সেখানে তিনি বড়ভাইটির অভিনয় দেখে আপ্লুত হয়ে যান। তিনি তাঁকে অডিশনের জন্য স্টুডিও পাড়ায় আসতে বলেন। সেই দিনটি বড় ভাইটির কাছে ''অগ্নিপরীক্ষা''র দিন, তবে সে উত্তীর্ণ হয়ে যায়। এরপর সেই চিত্র পরিচালকটি তাঁকে তাঁর একটি সিনেমায় ''নায়ক''-এর চরিত্রে অভিনয় করতে দেন। সিনেমাটি সুপার-ডুপার হিট হয়। সেই চিত্র পরিচালকটি আর কেউ নন, বড় ভাইটির বাবার ছোটবেলার বন্ধু, নাম ''চন্দ্রনাথ'' বসু। তিনি প্রথমে বড়ভাইটিকে চিনতে পারেননি, কিন্তু একদিন বড় ভাইটির বাবা ''অগ্নীশ্বর'' বসু স্টুডিও পাড়ায় আসেন এবং ছোটবেলার দুই বন্ধুর পুনরায় মিলন হয়ে যায়। পুরোনো বন্ধুত্ব নতুন করে আবার জেগে ওঠে। ছোটবেলায় তাঁদের বন্ধুত্বও হয়েছিল এই এক পদবি দুজনের হওয়ার জন্য, ছোটবেলায় এই ব্যাপারটাতে তাঁদের খুব আনন্দ হত। এখন এতগুলো বছর পর দুজনের আবার দেখা হওয়াতে দুজনেই খুব খুশি হন। একদিন চিত্রপরিচালকের বড় মেয়ে ''সাগরিকা'' আসে স্টুডিও পাড়ায়, তখন বড় ভাইটির সাথে তাঁর হয়ে যায় ''ছোটি সি মোলাকাত''। এরপর থেকে তাঁদের দুজনের চিঠি ''দেওয়া নেওয়া'' চলতে থাকে। ছেলের মা ''বিপাশা''র মেয়েকে খুব পছন্দ হয় আবার মেয়ের মা ''শ্যামলী''ও এই সম্বন্ধে ভীষণ খুশি হন। দুটি ছেলে-মেয়ের ''দুই পৃথিবী'' এক হয়ে যায়। ছোট ভাই অভয় কলেজে পড়ে, চিত্র পরিচালকের ছোট মেয়ে ''ইন্দ্রাণী''র সাথে তাঁর বন্ধুত্ব হয়ে যায়। অভয় যায় তাঁর কাছে ''মননিয়ে''। দুজনের মন ''দেয়া নেয়া'' হয়ে যায়। ''শুধু একটি বছর'' পরে হয়ে যায় ''অভয়ের বিয়ে''। ভাই দুই জনের ''স্ত্রী''দের ''গৃহপ্রবেশ''-এর সময় পরিবারের ''সবার উপরে'' যিনি, সেই ঠাকুরমা, যার বয়স এখন ''সাড়ে চুয়াত্তর'' বছর, তিনি দুই নাতবৌকে দুটি ''মণিহার'' দিয়ে আশীর্বাদ করেন। উনি ভীষণ আনন্দিত কারণ এতদিনে ওনার সমস্ত

''চাওয়া পাওয়া'' পূর্ণ হয়ে যায়।

দু-তিন বছর পরে বড় ভাইয়ের একটি ছেলে আর ছোট ভাইয়ের একটি মেয়ে হয়। দুজনের নাম রাখা হয় ''রাজলক্ষ্মী ও শ্রীকান্ত''। ছেলেমেয়ে দুটি ভীষণ ডানপিটে, লোকে তাদের বলে ''ধন্যি ছেলে'' ও ''ধন্যি মেয়ে''। ছেলেটি ভীষণ ভালো ফুটবল খেলতে পারে, তার জীবনের লক্ষ্য বড় ফুটবলার হওয়া। তার ফুটবল কোচের নাম 'কৃষ্ণেন্দু'। মেয়েটি খুব ভালো ছবি আঁকতে পারে। তার জীবনের লক্ষ্য বড় হয়ে মস্ত এক ''শিল্পী'' হওয়া। সে যার কাছে ছবি আঁকা শেখে, সেই শিক্ষিকা একজন অ্যাংলো ইন্ডিয়ান, নাম 'রিনা ব্রাউন'।

সুখের 'এই পথ যদি না শেষ হয়' .....।।

## সময়ের মূল্য

প্রিয়াঙ্কা রায়

সময় চলিয়া যায় নদীর স্রোতের প্রায় প্রবাদটা সবারই শোনা। প্রবাদটা শোনা না হলেও আমরা সবাই জানি যে সময় একবার চলে গেলে আর ফিরে আসে না। তাই বলা যেতে পারে সময় মূল্যবান জিনিস। এবার আসা যাক সময়ের মূল্যের বিচারে। একদিনে ধনী দরিদ্র সবাই চব্বিশ ঘন্টায় সময় পেয়ে থাকে, তবে এই সময়ে কেউ কোটি কোটি টাকা রোজগার করতে পারে না। পরীক্ষার কুড়ি মিনিট আগে আমরা ছাত্রছাত্রীরা যেভাবে পড়াশুনা করি তাতে মনে হয় সময় আমাদের কাছে সবচেয়ে মূল্যবান বস্তু। অথচ সারাটা বছর যখন এত সময় থাকে তখন বইয়ের দিকে না তাকিয়ে অযথা ফালতু সময় নষ্ট করি। ভাবুন তো অলিম্পিক রেসে যে এক সেকেন্ডের ব্যবধানে সেকেন্ডে হয়েছে বা কোনো স্থানই পায়নি তার কাছে এক সেকেন্ডের মূল্য কত? অথবা যে একটুর জন্য গাড়ি চাপা পড়া থেকে বেঁচেছে তার কাছে ওই এক সেকেন্ডের মূল্য কত? সময় একি হলে মূল্য সবার কাছে এক নয়। আপনার কাছে সময়ের মূল্য কত? আপাতত আমার কাছে সময়ের মূল্য ৮টা একটা ব্যাটারি কিনে বাড়ির দেওয়াল ঘড়িটায় লাগালে তা আমাকে সময়ের জানান দেবে।

> ''প্রত্যেক মানুষ তার নিজের শ্রমের উপজাত ফল।''
> "Man is the product of his own labour". - কার্ল মার্কস।



## হৃদয় ভাঙা ভালোবাসা

নিবারণ দাস (দ্বিতীয় বর্ষ, দর্শন বিভাগ)

কিভাবে গল্প লিখতে হয়, সেটা আমার জানা নেই। অর্থাৎ কোনো অভিজ্ঞতা নেই, সম্ভবত তখন আমি মাধ্যমিক পরীক্ষা দিয়েছি। জ্যৈষ্ঠ মাসের কথা। এক আত্মীয়ের বাড়িতে গিয়েছিলাম। এদিকে আবার এক দিদির বিয়ে হয় সদ্য অষ্টমঙ্গলায় বেড়াতে এসেছে। তখন তাদের মধ্যে এক সুন্দরি মেয়েকে দেখতে পাই। দেখা মাত্রই আমার মনের মধ্যে কেমন যেন এক অদ্ভুত অনুভূতি হতে লাগল। সাধারণত আমার মনে হলো সে যেনো আমার মনের নিছক কল্পনা। তখন আমার মনে হচ্ছিল যে আমি ওকে না পেলে শুধু ভাবছিলাম কীভাবে ওর সাথে কথা বলা যায়। অবশেষে নানা বাহানার মধ্য দিয়ে তার সাথে কিছু কথা বললাম। ওর কাছাকাছি থাকার চেষ্টা করলাম, শুধু ওর কথায় ভাবলাম। নানারকম কথাবার্তার পর অনেক ইঙ্গিতের মাধ্যমে আমার মনের কথা ও ভালোবাসার কথা জানালাম। তারপর আর কোনো কথা নেই। হঠাৎ কিছু সময় পর সে বলল আমি রাজি। কিছুক্ষণ গল্প-গুজব করার পর, তার কাছ থেকে তাঁর স্মৃতি মনে রাখার জন্য তার হাতের ব্রেসলেট চাইলাম। এবং সে সেটি আমার হাতে তুলে দিল এবং সেটি নিয়ে আমি আমার আত্মীয় বাড়ি চলে এলাম। কিছুক্ষণ পর একজন এসে তাঁর দেওয়া ব্রেসলেটটি নিয়ে চলে যায়। আমরা জীবন থেকে তাকে পর করে দেয়। বেশ কিছু বছর পর তাঁর সাথে আবার যখন কথা হয় তখন সে আমাকে ভালোবাসার কথা ভুলে যায়। হয়ত তাঁর মনে আমি জায়গা করে নিতে পারিনি। আসলে এটা ওর মিথ্যে ছিল যে 'আমি তোমাকে ভালোবাসি' আমি ওর কথায় অনেক বিশ্বাস করেছিলাম। আমি ওকে খুব ভালোবাসতাম। কিন্তু আমাকে এত বড় কষ্ট দিলো যে আমি কখন সহ্য করতে পারছি না। সে হয়ত আমাকে ভালোবাসে না। কিন্তু আমি তাকে অনেক ভালোবাসতাম, এখনো মনে মনে ভালোবাসি। কিন্তু কখনো আর ওকে জানাব না। কারণ হয়ত এখন সে অন্য কারো হয়ে গেছে। তাই ওর আসল নামটা লিখলাম না, এই গল্পে কারণ ও এখন কোনো ভদ্র বাড়ির ভদ্রলোক এর সোনায় মোড়া মেয়ে।

তবে Hmm একটা কথা মনে রেখো।

'সে আমার মতো অনেক পাবে।

কিন্তু তাদের মধ্যে আমাকে কোনোদিন পাবে না .....'

> ''যদি তুমি ভারতকে জানতে চাও তাহলে বিবেকানন্দকে জানো।'' - রবীন্দ্রনাথ ঠাকুর।

# সে একজন

নমিতা মণ্ডল (প্রথম বর্ষ)

খুব বেশি দিনের কথা নয়, আমরা তখন উচ্চমাধমিক দেবো তার জন্য হিড়বাঁধের কাছে তিলাবনী প্রাইভেট যাচ্ছি। আমি এবং আরো একজন মিলে গল্প করতে করতে যাচ্ছি। সাইকেলে যেতে যেতেই হঠাৎ মোড়ের বড় গাছটার দিকে চোখ পড়তেই দেখি এক অদ্ভুত ও অচেনা মুখ। অচেনা লোক তো আমরা অনেক দেখি, কিন্তু সে যেনো সবার থেকে অন্যরকম, কোনো বিশেষ বৈশিষ্ট্য নয়, সে এক নারী... তবে রহস্যময়ী। হ্যাঁ রহস্যময়ী বলতে তার চোখের দিকে তাকালে যেনো সবকিছু গুলাতে থাকে - মাথার চুল পাগলের মতো এলোমেলো, পরনের পোশাকটি ও অত্যন্ত নোংরা। বয়স ৩২-৩৫ বছর হবে। দেখলাম সে তালপাত দিয়ে কিছু বুনছে। একটা প্রশ্ন হতেই পারে একনে পাগল কে নিয়ে আবার কী? না সে পাগল নয় কেউ বলছে ভিখারী, কেউ বলছে নিরুদ্দেশ ব্যক্তি, কেউ বলছে অন্যদেশীয়, কেউ আবার বলছে সি.আই.ডি. হতে পারে। 'যত মত তত পথ' আর কি। সকলে মিলে সমালোচনা করতে লাগল, আমিও টিউশন চলে গেলাম। ফেরার পথেও তাকে দেখলাম তবে একটু বেশী আগ্রহ দিয়ে। দেখছি সে বিড়বিড় ভাষায় কি বলছে ও গোপন করে সবাইকে দেখে নিচ্ছে ও আলতো আলতো হাসছে। সকলের মতামতে তার কোনো মাথা ব্যথা নেই। তবে আগে যেগুলি বুনছিল তখন সেগুলি খুলছিল। আমি এগিয়ে গিয়ে প্রশ্ন করলাম কিছু; সে নিজের খেয়াল মতো উত্তর দিল তার ভাষা বুঝতে না পারলেও তাকে আমার খুব ভালো লাগল। রোজ রোজ তাকে লক্ষ করতে লাগলাম। সে সকলের মতো সকালে দাঁত মাজতো। হাঁড়ি বা কড়াইতে একবার কোনো খাবার করে নিতো। সারাদিন নিজের কাজ করত, তবে সে কাজের কোনো মূল্য নেই। তবে হ্যাঁ তার মধ্যে একটুকুও হিংসা ছিল না। সে ছিল সৎ ও সহানুভূতিশীল ও নির্লোভ। যা সকলের মনকে কেড়ে নেওয়ার অধিকার ছিল। তাকে কেউ সোনা দিলেও নিত না। কোনো কোনো সময় খাবার দিলে নিতো। রাতেও তার ভয় ছিল না। নিজের কাছে থাকা শাড়ি কম্বল পেতেই সে ঘুমোতো ও সকালে দেখতাম তার সাথে কতগুলো কুকুরেও ঘুমোচ্ছে। এটা সত্যিই মহানুভবতার প্রতীক কারণ আমাদেরকে দেখলে কুকুর দশ হাত দূরে ছোটে তারাও জানে যে ঐ মানুষটি মানুষের বৈশিষ্টের উপরে। হিংসা, লোভ, লালসা তার নেই। আমি একদিন তাকে পাঁচ টাকা দিচ্ছিলাম সে নিল না অবশ্য আমার তাতে দুঃখ ছিল না। কারণ আমরা ফল ছাড়া কর্ম করি না। তা বেশ করে তাকে যেন ভগবান অন্য উপাদান দিয়ে গড়েছে। সে যেনো আস্তে আস্তে আপন হতে চলছিল, প্রতিদিন অত্যন্ত পাঁচ মিনিট তার কার্যকলাপ দেখতাম। তাকে কেউ বকলে কষ্ট পেতাম ও খুব রাগ হতো। হঠাৎ একদিন দেখলাম সে নেই মনটা কাঁদ কাঁদ হয়ে গেলো, খালি বড়তলা দেখে দীর্ঘশ্বাস ফেলে চলে এলাম। কিছুদিন পরে স্বপ্নে তাকে দেখেছিলাম আমাকে দেখে সে হাসল তবে কিছু বলল না। আমার এখনও জানতে ইচ্ছে করে সে কোথায়? কী করছে? কেমন আছে? ভাবলেই সেই এলোমেলো চুলে হাসিমুখটি ভেসে উঠে মনটা কেমন হয়ে যায়।

> ''সমস্ত জ্ঞানের শেষ কথা হল চরিত্র গঠন।'' - গান্ধিজী।



# আমার প্রিয় খাতড়া আদিবাসী মহাবিদ্যালয়

শিল্পা ধীবর (দ্বিতীয় বর্ষ)

আমি এই মহাবিদ্যালয়ের সাধারণ ছাত্রী। আমি কিছু লেখার আগে এই মহাবিদ্যালয়ের অধ্যাপক-অধ্যাপিকাবৃন্দ, সকল শিক্ষক-শিক্ষাকর্মীদের প্রণাম জানাই। কৃতজ্ঞতা জানাই ছাত্র সংসদের সদস্যদের।

বাঁকুড়া জেলার দক্ষিণ প্রান্তে খাতড়া মহকুমার অন্তর্গত আমাদের সবার সেবা, সবার প্রিয় এই মহাবিদ্যালয়। একটা কথা বলা খুবই প্রয়োজন, এই সংসদের অভূতপূর্ব চেষ্টার ফলে এবং কঠোর পরিশ্রমের ফলে এই মহাবিদ্যালয়ের উক্ত পরিকাঠামোর ব্যাপক সংস্কার ও আধুনিকীকরণ হয়ে উঠেছে। আমরা সবাই চাই খাতড়া মহাবিদ্যালয়ের যে সুস্থ ও সুন্দর ঐতিহ্যের পরিবেশ গড়ে উঠেছে তা বজায় রাখতে উপযুক্ত শিক্ষা লাভের উদ্দেশ্যে প্রয়োজনীয় পরিকাঠামো গড়ে উঠেছে। এই মহাবিদ্যালয়ে রয়েছে সঠিক মাপের আলো, হয়েছে হাওয়া যুক্ত শ্রেণিকক্ষ, আছে বসার আসন, প্রয়োজনীয় শিক্ষার উপকরণ। পরিশুদ্ধ পানীয় জল, শ্রেণিকক্ষের মধ্যে বৈদ্যুতিক পরিচ্ছন্ন শৌচাগার, তৈরি হয়েছে দ্বিতলা ছাত্রাবাস, তৈরি হয়েছে মিউজিক রুম, তৈরি হয়েছে ভূগোল ল্যাব, গড়ে উঠেছে বিরাট প্রাচীর দিয়ে ঘেরা এই মহাবিদ্যালয়। পুরানো বিল্ডিং সেজে উঠেছে নতুন ভাবে নতুন নামে। রয়েছে রেমিডিয়াল কোচিং এবং এন্টি-ইম সার্ভিস এর মতো বিশেষ শিক্ষণের ব্যবস্থা। রয়েছে জাতীয় সেবা প্রকল্প, রয়েছে সমর বাহিনীর শাখা, রয়েছে কুসংস্কার দূরীকরণ, রয়েছে স্বেচ্ছাসেবক প্রকল্প, আরো অনেকেই, যেমন - খেলাধূলাতেও আমাদের মহাবিদ্যালয় যথাযথ জায়গায় যথেষ্ট পারদর্শিতার পরিচয় লাভ করেছে।

সব মিলিয়ে মহাবিদ্যালয়ের প্রাকৃতিক সৌন্দর্য বর্দ্ধনে সদা সজাগ হয়ে উঠেছে এই মহাবিদ্যালয়টি। অধ্যাপক-অধ্যাপিকা-শিক্ষাকর্মী-ছাত্রসংসদ এবং আমরা সকলেই বর্তমানে এই মহাবিদ্যালয়কে আগামী দিনে আরো এগিয়ে নিয়ে যেতে পারবো এটা আমার দৃঢ় বিশ্বাস। সকলকে শুভেচ্ছা জানাই।

> ''কেবল বড় ডিগ্রি পেলেই আদর্শ মানুষ হওয়া যায় না, আদর্শ মানুষের চাই এমন অন্তঃকরণ যা কখনো কঠিন হবেনা, চাই এমন প্রকৃতি - যা কখনো বিরক্ত হবেনা, চাই এমন স্পর্শ - তা কখনো ব্যথা দেবে না।
> – ডাঃ লুকিস্।

# গাছেদের দুঃখের কথা

অঙ্কিতা মল্লিক (দ্বিতীয় বর্ষ)

এখন ঝমঝম করে বৃষ্টি পড়ছে আর আমি বসে আছি একটা খোলা দরজার সামনে। আজ সারাদিনের রোদের খরতাপে গাছগুলো সব আধমরা হয়ে গিয়েছিল। তারপর বিকেলের এই ঝমঝম বৃষ্টির কয়েকটা ফোঁটা পেতেই গাছগুলোর মধ্যে যেন প্রাণ ফিরে এল। বৃষ্টি পড়লেই আমরা সবাই এদিক ওদিক ছুটে আশ্রয়ের জায়গা খুঁজতে থাকি কিন্তু মুখে বলি খুব গরম লাগছে, তবুও খোলা আকাশের নীচে একটুও ভিজতে রাজি থাকি না। কিন্তু, গাছগুলো খোলা আকাশের নীচে ভিজতে ভিজতে আনন্দ করে কারণ তারাও চাতকের মতো এক ফোঁটা জলের আশায় থাকে। খোলা আকাশের নীচে ভিজতে ভিজতে গাছগুলো বলল, "দেখো সবাই ভগবান আজ আমাদের কষ্টটা বুঝেছে।" এই গাছগুলোই নিজেরা আনন্দ উপভোগ করে আমাদের ঠান্ডা হাওয়া উপহার দেয় আর তার পরিবর্তে আমরা সেই গাছগুলোকে নির্মমভাবে কেটে মৃত্যু উপহার দিই, তবুও তারা আমাদের ওপর রাগ-অভিমান করে না। যে কটা গাছের প্রাণ রক্ষা হয় তারা আবার আমাদের ঠান্ডা হাওয়া উপহার দেওয়ার জন্য প্রস্তুতি নেয়। একটা মানুষের প্রাণ চলে গেলে যে রকম কষ্ট হয় ঠিক সেইরকম একটা গাছের কাছ থেকে প্রাণটা কেড়ে নিলে একই রকম কষ্ট হয়। আমাদের কাছ থেকে যখন কেউ এক প্রিয়জন হারিয়ে যায় তখন বুকের ভিতরটা হাহাকার করে ওঠে সেই রকমই আমরা মানুষের যে গাছটা নির্মম ভাবে হত্যা করি হয়তো সেই গাছটা অপর একটি গাছের প্রিয়জন, হয়তো এই নির্মম হত্যাটাকে অপর একটি গাছ বাধা দেওয়ার চেষ্টা করে, হয়তো সে তার মতো করে বাক্যালাভ করে কিন্তু আমরা মানুষেরা এতটাই নিষ্ঠুর যে, তা বোঝার চেষ্টাও করি না। মানুষের মতো হিংস্র প্রাণী আর নেই হয়তো, হ্যাঁ এটা বলা বাহুল্য যে সব মানুষ হিংস্র হয় না, এই হিংস্র মানুষের মধ্যেই কিছু ভালো মানু, আছে, কিছু ভালো মানুষ ওই নিপীড়িত গাছগুলোর ব্যাথা যন্ত্রণা বোঝে। এই কিছু ভালো মানুষ আছে বলেই যে সব মানুষেরা নির্মম ভাবে গাছগুলোর প্রাণ নেয় তারা সুন্দরভাবে জীবনটাকে অতিবাহিত করে চলেছে, এই কিছু ভালো মানুষ আছে বলেই ধরণীর বুকে সোজা হয়ে কিছু গাছ দাঁড়িয়ে থাকতে পেরেছে।

গাছেদের দুঃখের কথা আজ এখানেই শেষ করলাম।

"লক্ষ্য সামনে রেখে কাজ করাই বুদ্ধিমানের কাজ" - জন ডিউই।



নিবন্ধ

# N.C.C.

প্রহ্লাদ রায় (দ্বিতীয় বর্ষ, দর্শন সাম্মানিক)

আমাদের খাতড়া আদিবাসী মহাবিদ্যালয়ের N.C.C.-এর অধীনে দীর্ঘদিন ধরে মহাবিদ্যালয়ের এক অপূর্বময় গৌরব বৃদ্ধি করে চলেছে। একথা শুধু কথার কথা নয়, অন্যদিক দিয়েও নিবন্ধে তা তুলে ধরার চেষ্টা করব। আমাদের মহাবিদ্যালয়ের বাঁধাধরা ও বাধ্যতামূলক গতের পড়াশোনার বাইরে N.C.C. আমাদের জাতীয়তা বোধের দেশপ্রেম শিক্ষা দেয়, N.C.C.-র মাধ্যমে শারীরিক সক্ষমতা ও মানসিক সরলতা বৃদ্ধি পায়। ছাত্রজীবনে N.C.C. Cadet রা Adventure-এর স্বাদ পায়। শৌর্যে, বীর্যে একজন সৈনিকের জীবরে মতোই নিজেকে গড়ে তোলার সুযোগ পায়। মহাবিদ্যালয়ে N.C.C. পরিচালনায় পরিচালন সমিতি যথার্থ ভূমিকা পালন করে আসছে। পরিচালন সমিতি মহাবিদ্যালয়ে N.C.C. কে যথেষ্ট গুরুত্ব ও মর্যাদা দিয়ে একজন অধ্যাপক মহাশয়কে A.N.O. (Associate NCC Officer) পদে নিযুক্ত করেছেন এবং তাঁর প্রশিক্ষণের যথাযথ ব্যবস্থাও সম্পন্ন হয়েছে। বর্তমানে A.N.O. মাননীয় LT. তপন পাত্র মহাশয় (সংস্কৃত বিভাগ), লেফট্যানেন্ট পদ মর্যাদায় থেকে মহাবিদ্যালয়ের N.C.C. তে যথাযথ ভূমিকা পালনে ব্রতী হয়েছেন। আমাদের 56 BN'র পরিচালনায় Cmmanding Officer Yash Bhatnagar মহাশয় এই মহাবিদ্যালয়ের উৎসাহী Cadet-দের Service Selection Board (SSB) ও National Defence Academy (NDA), এর প্রশিক্ষণ দিয়ে Cadet-দের ভবিষ্যতে Army, Navy ও Airforce'র Officer হতে তাৎপর্যপূর্ণ ও গুরুত্বভাবে ভূমিকা পালন করে চলেছেন। Camp Commander Brigadier Sanjoy Bawaja প্রমুখ মহাশয়দের সক্রিয় শিক্ষাদান ও সহযোগিতা আমাদের Cadet-দের অনুপ্রাণিত করে। আমাদের মহাবিদ্যালয়ে N.C.C. একটা একান্নবর্তী পরিবারের মতো। সমস্ত পরিবারের যেমন বড়ো ও গুরুজনদের মেনে চলতে হয় এবং ছোটোরা স্নেহ পায়, তেমনি আমাদের মহাবিদ্যালয়ের N.C.C. তেও Senior-দের মেনে চলতে হয় এবং Junior-রাও স্নেহ পায় এবং অনুশাসনে জীবন গঠনের শিক্ষা পায়। Cadet-রা প্রত্যেককে Practical ও Theory এর শিক্ষাগ্রহণ করে। Run, Yoga সহ বিভিন্ন ধরনের Physical Training করানো হয়। এর পাশাপাশি Prade Marching এবং Firing শেখানো হয়। আমাদের মহাবিদ্যালয়ের পরচালন সমিতি T.S.P. Camp-এর Obstacles Race হয়, তা নির্মাণ করার কাজে শুরু হয়েছে এবং আমাদের খুব ভালো লাগছে যে একটা Complete Firing Range তৈরির কাজও শুরু হয়েছে। এই দুটি নির্মাণ সম্পূর্ণ হলে আমাদের মহাবিদ্যালয়ের N.C.C. তে আরও সফল ও স্বয়ংসম্পূর্ণ হবে। কুচকাওয়াজে অংশ নেওয়ার জন্য নিজস্ব Band কেনার প্রস্তুতিও সম্পূর্ণভাবে সফল হয়েছে। প্রতি বছর আমাদের খাতড়া আদিবাসী মহাবিদ্যালয়ের সমস্ত N.C.C. Cadet (S.D. এবং S.W.)-রা 26th January তে মাননীয় মহকুমা শাসকের সামনে কুচকাওয়াজ প্রদর্শন করে এবং 15th August ও 23rd January তে আমাদের মহাবিদ্যালয়ে যথাযথ মর্যাদা ও আনন্দের সহিত দিনগুলিকে N.C.C. Dept. উৎক্ষেপন করে।

বিগত ও বর্তমান বছরের N.C.C.-র সাফল্য :

1) 56 Bengal BN N.C.C. Best Cadet S.D. (Senior Division) - S.U.O. - Biplab Singha Mahapatra (2017)

2) 56 Bengal BN N.C.C. Best Cadet S.W. (Senior Wings) SGT - Saya Patra (2017)

3) 56 Bengal BN N.C.C. - Bengal Cadet S.D. (Senior Division) golden S.U.O. - Bidyut Bauri (2018)

4) Chief Minister Rally, Red road, Kolkata (LRDC) - Golden JUO - Tamanna Khatun (2015)

5) Inter BN Kabadi Competition এ Winner - 56 BN - Captain - Biplab Singha Mahapatra (2017) (Kharagpur)

6) T.S.C. (Thal Sena Camp)-এ J.D. and F.S. (Judding Distance and Fill Signal) পরীক্ষায় Group (Kharagpur) এ প্রথম স্থানাধিকারী Sourav Mandal (2017)

7) T.S.C. (Than Sena Camp)-এ Obstacles race event-এ Kharagpur group-এ প্রথম স্থানাধিকারী Saya Hansda (2017)

8) T.S.C. (Thal Sena Camp) - West Bengal and Sikim Directorate (J.D. and F.S.) Event-এ দ্বিতীয় স্থানাধিকারী - Sourav Mandal. (2017)

9) T.S.S. (Than Sena Camp) - Delhi Camp-এ West Bengal and Sikim Directorate থেকে অংশগ্রহণকারী (J.D. & F.S.) এ দ্বিতীয় স্থানাধিকারী Jagannath Roy, Silver Medel, Golden rank (2017)

10) T.S.C. (Thal Sena Camp) - Delhi Camp-এ West Bengal and Sikim Directorate থেকে অংশগ্রহণকারী (Taint Fitching) - Bireswar Kumbhakar

11) T.S.C. (Thal Sena Camp) - Delhi Camp-এ West Bengal and Sikim Directorate থেকে অংশগ্রহণকারী (M.R. & Firing) ও (Obstacles) এ All India তৃতীয় স্থানাধিকারী (Golden Rank) - Bidyut Bauri (2018)

12) I.B.C. (Inter Battalion Competition)-এ Medinipur J.N.V. (Jahar Noboday Vidyalaya)-এ Obstacles দ্বিতীয় স্থানাধিকারী - Bidyut Bauri, Silver Medel (2018)

13) I.G.C. (Inter Group Competition)-এ (Contai, Raunagar)-এ Obstacle-এ প্রথম স্থানাধিকারী - Bidyut Bauri, Golden Medel + 1000/- (Group থেকে 1st Obs Training) (2018)

14) I.G.C. (Inter Group Competition)-এ (I.G.C., I.G.C.-1, I.G.C.-2, I.G.C.-3) Obstacle & Firing-এ প্রথম স্থানাধিকারী - Bidyut Bauri (Kharagpur, Salua) (2018)

15) N.I.C. (National Intregration Camp)-এ অংশগ্রহণকারী Mrinal Mandal (স্বচ্ছ ভারত অভিযান, Sikim) (2018)

16) Anju Katal - Tracking Camp - Sikim (2018)

17) Bireswar Kumbhakar - Tracking Camp - Amarkantak, Madhyapradesh (2018)

18) N.I.C. (National Intregration Camp)-এ Senior হিসাবে সম্মানিত হয়েছে Jagannath Roy, Gold Medel, [(Ek Bharat, Srestha Bharat (EBSB) Camp-এ) Panagar] (2018)

19) Sanapti Roy - N.I.C. (National Intregration Camp) (2018)

20) S.D. (Senior Division) (Kharagpur Group-এ 2nd Best Cadet Khatra Adibasi Mahavidyalaya-এর Jagannath Roy, + 3500/- (2018).

21) S.W. (Senior Wings) - Best Cadet - Mousumi Rajak (2018)

22) N.C.C. - day-তে November মাসে Kharagpur Group-এ অংশগ্রহণ করেছিল Jagannath Roy ও Bireswar Kumbhakar (Certificate + 500 + 500 = 1000/-) (2017)

23) ALC (Advance Leadership Camp) - Kharagpur-এ অংশগ্রহণকারী - Sutapa Pramanik (2017)

24) All India Tracking Camp (AITC) - Nalanda, Bihar-এ অংশগ্রহণকারী - Lakshmikanta Mahata (2017)

25) N.I.C. (National Intregration Camp)-এ Nayan Banerjee & Sourav Mandal (2017)

26) Khatra College NCC Footbal Team Final Winner - রঘুনাথপুর (মণ্ডল পাড়া) সেবাসংঘ (2018)

27) College Annual Sports-এ Ball Throw তে প্রথম স্থানাধিকারী N.C.C. Cadet - Alay Garai (দ্বিতীয় বর্ষ) (2018)

28) College Annual Marathan Race-এ প্রথম স্থানাধিকারী Cdt. - Gopal Bauri (2017)

i) Alay Garai - প্রথম স্থানাধিকারী Marathan race (2018, দ্বিতীয় বর্ষ)

ii) Bibek Bauri - দ্বিতীয় স্থানাধিকারী Marathan race (2018, প্রথম বর্ষ)

iii) Rajib Mahata - তৃতীয় স্থানাধিকারী - Marathn race (2018, তৃতীয় বর্ষ)

29) দায়িত্ব সহকারে Cdt. Prahlad Roy (SD)
Cdt. Sudip Mandal (SD)
Cdt. Sujoy Choudhury (SD)
Cdt. Reba Kaibartya (SW)

Cadet দের এই সাফল্য শুধুমাত্র মহাবিদ্যালয়ের মধ্যে সীমাবদ্ধ থাকছে না, ক্রমে ক্রমে কর্মজীবনেও প্রতিফলিত হচ্ছে। বিভিন্ন ছাত্রছাত্রী ও বেশ কিছু Ex-Cadet Team বিভিন্ন Force Dept. এ কর্মরত। এছাড়াও আমাদের N.C.C. শুধুমাত্র মহাবিদ্যালয়ের উন্নতির কাজেই নয়, সমাজের জন্যও কল্যাণমূলক কাজে অংশগ্রহণ করে। যেমন - Blood Donation Camp, Anti Tobbaco Rally / Camp, Tree Plantation Camp, Safe Drive - Save Life, Campus Cleaning Operation, Saccha Bharat Mission / Abhiyan ইত্যাদি। বর্তমানে Cadet-দের এই সাফল্য কিন্তু N.C.C.-র মূল লক্ষ্যের কাছে অত্যন্ত নগণ্য।

প্রতিটি Cadet-দের মধ্যে এই সাফল্যকে ত্বরান্বিত করাই আমাদের উদ্দেশ্য

Cadet-দের পিছনে আছে অনুপ্রেরণা ও উৎসাহ। এই উদ্দীপনার ইন্ধন জুগিয়ে চলেছেন একজন মানুষ, যিনি সমগ্র মহাবিদ্যালয়ের পাশাপাশি Cadet-দের সামনে এগিয়ে যাওয়ার ডাক দিয়েছেন, সবরকম সাহায্যের হাত তিনি বাড়িয়ে দিয়েছেন, তিনি হলেন সবার প্রিয় ও শ্রদ্ধেয় ডঃ পার্থসারথি হাটি

মহাশয়। তিনি এই ভাবে না এগিয়ে এলে সাফল্যকে এইভাবে আমরা ছুঁতে পারতাম না। এছাড়াও অনুপ্রেরণা জুগিয়েছেন আমাদের শ্রদ্ধেয় A.N.O. মাননীয় তপন পাত্র মহাশয়। যিনি তাঁর নিরলস পরিশ্রম ও সাহায্যের মাধ্যমে আমাদের পাশে এসে দাঁড়িয়েছেন। এছাড়াও 56 BN এর মাননীয় C.O. Yash Bhatnagar ও শ্রদ্ধেয় Brigadier Sanjoy Bawaja প্রমুখ উদার ব্যক্তিত্বগণ আমাদের সর্বতোভাবে সাহায্য করেন। এছাড়াও আছেন Senior Cadet-রা সারণি সব সময় প্রতিটি Cadet কে প্রতি মুহূর্তে সাহায্য করে চলেছেন, তারা হলেন Biplab Singha Mahapatra, Bidyut Bauri, Jagannath Roy, Bireswar Kumbhakar, Lakshmikanta Mahata, Pradyut Mandal, Suman Lai, Rajib Mahata.

আমাদের N.C.C. কলেজের সমাজের জন্য, সর্বোপরি দেশের জন্য যেটুকু করতে পেরেছে, তা আমাদের সকলের গর্বের বিষয়। আমরা যেন সমাজকে ও দেশকে সুশৃঙ্খলভাবে গড়ে তুলতে পারি, সে জন্য সমগ্র মহাবিদ্যালয়ের সর্বাঙ্গীন সাহায্য, উৎসাহ ও সমবেত সংকল্প কামনা করি।

Hum Sab ek hai, hum sab Bharatiya hai.
Bharat Mata Ki Jay, Jay Hind.



রম্যরচনা

# জাতিস্মর

সুজিত দাস (তৃতীয় বর্ষ, ইতিহাস সম্মানিক)

আমি জাতিস্মর। হাঁ আমি একজন জাতিস্মর। এই একবিংশ শতাব্দির বিজ্ঞানরচনার প্রেক্ষাপটে দাঁড়াইয়া, এই কথা শুনিয়া অনেকে হয়তো হাসিবেন, অনেকে আমাকে পাগল বলিয়া গালাগালি দিবেন, কিন্তু ইতিহাস সাক্ষী রহিয়াছে আমার বক্তব্যের। সে গর্বের সহিত আমার ললাটে অভিশাপের ভস্মটিকা রচনা করিয়াছে। কখনো মহাপদ্মনন্দ নামে শিশুনাগ বংশের ধ্বংসকারী রূপে, নাপিত পুত্র হইয়া রাজটিকা লইয়া প্রচণ্ড তাপের সহিত রাজ্যশাসন করিয়াছি। কখনো প্রদ্যুম্ন নামে সম্রাট চণ্ডাশোকের উপদেষ্টারূপে কূট পরামর্শ দিয়াছি, যার ক্ষুদ্র বাক্যবাণীর দ্বারা প্ররোচিত হইয়া সম্রাট গোটা কলিঙ্গকে শ্মশানে রূপান্তরিত করিয়াছিল এককালে। কখনো ভূপেন হালদার রূপে চাকরির আশায় শহরের মাটি, অলিগলি তোলপাড় করিয়াছি, ভুলিয়া গিয়াছি গৃহে গৃহিনী বিগত যৌবনা হইতে উদ্যত, ভুলিয়া গিয়াছি পিতামাতার কথা, যাহারা রোজ গৃহের দ্বার প্রান্তে বসিয়া পুত্রের আগমন কামনা করিতেছে। আবার কখনো হিন্দু কলেজের নাম করা ছাত্র অভিমন্যু চট্টোপাধ্যায় রূপে যে শত শত নারীর মন নিয়া খেলা করিয়া পরক্ষণেই আবার ধূলিকণার সহিত মিশাইয়া দিয়াছে ভুলিয়া গিয়াছে ঢাকার এক ক্ষুদ্র পল্লিগ্রামে তাহার প্রেয়সী একান্ত নিভৃতে তাহার উপাসনা করিতেছে।

আজ সেই সব কাহিনী বর্তমানের বিদ্বেষপূর্ণ দৃষ্টির তলায় চাপা পড়িয়াছে। বর্তমান কেবলই ভবিষ্যতের এক কণা পদধূলি লইবার আকাঙ্খায় উন্মুখ হইয়া রহিয়াছে। ভুলিয়া গিয়াছে সে তাহার ললাটে যে জয়টিকা রচিত হইয়াছে, তাহা তাহারই অতীত কর্তৃক রচিত। আজ বর্তমান কেবলই দুঃখ, একাকীত্বতা আর দীর্ঘশ্বাসের দ্বারা অনুষ্ঠিত হইতেছে। একখণ্ড সুখের আশায় তাই ভুল করিয়া ভবিষ্যতের নিকট অঞ্জলি পাতিয়া ফেলি। কিন্তু ভবিষ্যৎ আমার প্রতি উদাসীন দৃষ্টিতে চাহিয়া পরক্ষণেই নিজ কর্মে রত হয়, বর্তমান রচনার কর্মে, আমিও তখন হস্ত গুটাইয়া ভাবি। হা বর্তমান! হা ভবিষ্যৎ! আমি তোমাদের নিকট অঞ্জলি পাতিতেছি। আমরা স্থান তো তোমাদেরও ঊর্ধ্বে। আমার কর্মের দ্বারাই বর্তমান রচিত হইতেছে, আর তাহার ফলের দ্বারা ভবিষ্যৎ। কিন্তু অতীত। তাহার উপর তো আমার হস্তক্ষেপের কোনো অধিকার তথা সামর্থ্য নাই। তখন অতীত তথা ইতিহাসের প্রতি এক অসীম ভক্তির উদ্রেক হইয়া দুই হাত ক্রমশ জোড় হইয়া আসে। মনে পড়িয়া যায় আমার জন্ম জন্মান্তরের কথা। ধীরে ধীরে অতীতে নিমজ্জিত হইয়া মরিতে ইচ্ছা হয়। মনে হয় যদি সব ভুল খণ্ডন করিয়া পুনরায় নিজেকে নতুন করিয়া রচনা করিতে পারিতাম। কিন্তু এই যদি শব্দের অবসান ঘটাইতে পারি না কিছুতেই কারণ তাহাতে ভূতের কর্তৃত্ব রহিয়াছে ভবিষ্যতের নহে।

এখন কবরখানায় বেড়াইতে গেলে এক অতিপরিচিত অনুভূতিকে দেহ-মন অসাড় হইয়া যায়। মনে হয় বেশিদিন না এই তো সেদিন নাদের আলি, ববিউল, করিম, তৈদুল সকলে মিলিয়া অশ্রুসিক্ত নয়নে সযত্নে কবর দিয়া গিয়াছিল আমাকে। মুহূর্তের মধ্যে দীর্ঘশ্বাসের ঝড় বহিয়া যায় আমার অন্তর ও বাহিরে। অর্জুন, স্বর্ণঝুরি, ইউক্যালিপটাশ প্রভৃতি গাছের দীর্ঘপত্র তাহারই প্রতিধ্বনি রচনা করিয়া চলে।

আমার চির নিদ্রায়িত কবরটাকে আদর করিবার জন্য, তাহার কথা শুনিবার জন্য প্রাণ আনচান করিতে থাকে। সযত্নে কবরের ওপর হাত বুলাইতে বুলাইতে মাথা রাখি, কান পাতি কবরের ওপরে। হঠাৎই তোলপাড় করিয়া ওঠে বুক ভীষণ যন্ত্রণায়, শুনিতে পাই আমার অতীতের অতৃপ্তির অভিশপ্ত আর্তনাদ কবর হইতে। মুহূর্তের জন্য ভুলিয়া যাই আমার বর্তমান পরিচয়, তন্ন তন্ন করিয়া খুঁজিয়া দেখিতে ইচ্ছা করে আমার মুসলমান পাড়ার পরিচিত মুখগুলি।

রজনীর পর রজনী ধরিয়া জাগিয়া থাকে নানান জিজ্ঞাসা আমার বারো বাই বারো কুটুরির শয্যায় এলানো ক্ষুদ্র মস্তিষ্কের ভিতর। অনিদ্রা রোগ নিশ্চিন্ত হইয়া বাসা বাঁধিয়া চলে ধমনির স্রোতে। কোনো কোনো দিন অলস হস্তে, বিষণ্ণ হৃদয়ে তুলিয়া ধরি ডায়েরি আর কলম লিখিয়া চলি আমার গোপন ইতিহাস।

দিনের আলোকে বড়োই বিচিত্র লাগিতে থাকে, এই পৃথিবীটাকে। চিন্তার বাঁধনও অনেক আলগা হইয়া আসে। তবুও একটা অন্যমনস্ক ভাব আঁকড়াইয়া থাকে। মাঝে মাঝে বিস্ময় লাগে যখন কেউ অবহেলা করে আমাকে। মনে পড়িয়া যায় আমার কথা জাতিস্মরের স্থান। একসময় মালিক কাফুর হইয়া তাহারই পতন ঘটাইতে তৎপর হইয়াছি, যারা তোমাদের গ্রন্থ পরিসীমা বহির্ভূত, জানো কী সেই ইতিহাস? মহাপদ্মনন্দ, প্রদ্যুম্ন, মালিক কাফুর যাহাদের এক কথায় মহারথিরা পর্যন্ত নাচিয়া উঠিত, যাহাদের কূটবুদ্ধিতে বৃহৎ সমাজ্যের গৌরবত্ব নিমেষে ভূলুণ্ঠিত হইত, তাহাকে আজ তোমরা অবজ্ঞা-উপহারের পাত্র করিতেছ, হুকুম করিতেছ। মুহূর্ত মধ্যে মনে হয় বলি, হে ধরণী! তুমি দ্বিধা হও, আমাকে তোমার বক্ষ মধ্যে স্থান দাও, এ গ্লানি আমি সহ্য করিতে পারিব না। পরক্ষণেই আবার মনে হয় আমার বর্তমান পরিচয় তো তাহা নহে। বর্তমানে আমি তো পশ্চিমবঙ্গের বাঁকুড়া জেলার এক কুখ্যাত পাড়াগাঁয়ের এক দিন মজুরের আধপাগলা পুত্র অমিতাভ দত্ত কিংবা পড়াশুনা পোস্ট অফিসের চার হাজার টাকা মাইনের কেরানী, ইহা ছাড়া তো আমার কোনো পরিচয় নাই।

আমার জাতিস্মরের কাহিনীগুলির স্মৃতিচারণ করিতে গিয়া প্রায়ই লক্ষ করি মহাপদ্মনন্দ, প্রদ্যুম্ন, কাফুর, ভূপেন হালদার, অভিমন্যু প্রতিবারেই জন্ম লইয়াছি এক ক্ষুধা লইয়া, পিপাসা লইয়া - কখনো অর্থপিপাসা, কখনো রক্ত পিপাসা। কখনো আবার যৌবন পিপাসা। কোনো বারেই কোনো প্রকারেই নিজেকে সংযমে রাখিতে পারি নাই, ডুবাইয়া রাখিয়াছি বিলাসের আতিশয্যে, রূপের আতিশয্যে। কিন্তু প্রতিবারেই কোথায় যেন ব্যর্থতা, অপূর্ণতা রহিয়া গিয়াছে। আর যৌবনের মধ্যম পর্যায়ে সেই সফলতা আর পূর্ণতা লইয়া আসিয়াছে দেবীরূপী কোনো নারী। কখনো সোমদত্তা, কখনো উল্কা, কখনো বিদ্যুম্মালা নাম্নী সেই নারীর হস্তে আমার সমস্ত জীবনকে সমর্পণ করিয়াছি। যখনই তাহার নিকট আসিয়াছি আমার দেহ-মন অসাড় হইয়া গিয়াছে কিন্তু তা ক্ষণিকের জন্য। তাহার দুই চক্ষুর আড়াল হইলেই আবার জাগিয়া উচিত সেই পাশবিক ক্ষুধা। আবারো পাপ রচনায় প্রবৃত্তি হইতাম। সেই পিপাসার আগুন ক্রমশ জ্বলিতে জ্বলিতে স্তিমিত হইয়া আজ নির্বাপিত হইয়াছে। কিন্তু সেই অভিশাপের ভস্মটিকা আজও ললাটে অগ্নিসম জ্বলিতেছে। বছরের পর বছর ধরিয়া আত্মীয়স্বজন, পিতামাতা, সহধর্মিনীকে ভুলিয়া অন্য কার্যে অথবা অন্য নারীতে মগ্ন থাকায় যে অভিশাপরূপী পাপ রচিত হইয়াছে ইহার ক্ষয় কোথায় কে বলিতে পারে?



সাঁওতালি বিভাগ

কবিতা



PANDIT RAGHUNATH MURMU
(D. Lit in Santali,
5.5.1905 - 1.2.1982)

## নাহাঃ সাঁওতা রেন মৌনমি

সেঙ্গেল সিঞ সরেন
(মুচাৎ সেরমা - সান্তালি - ঔকিল মানত)

নাহাঃ সাঁওতা রেন মৌনমি
ঔাড়ি তেদ গেক দৌনমি।
বাংকে উইহাঁর এদা জানাম আড়াং
বাংকে মানাওএদা ধরম।
অনা তেগে ত মালট চাবাঃ কান
আব সান্তাড় সৌরি ধরম।

বাংকে রড়েদা জানাম আড়াংতে
সাজাও কানাক দিকু ভড়কতে।
সৌরি ধরম হিড়িঞ কাতে
ছুডীর চালাঃ কানাক এটাঃ জৗততে
বাংকে সরমঃ কান ধরম কাঁড়গো তে
অনাতে সাঁওতা বহেলঃ কান অগম দরয়া দাঃ তে।

উইহাঁর পেশে-হো-খেরওয়াল বীর
আলপে তাঁহেনা নিতহঁ জৗপিদ খির
ঔকিল হাতাও পে জ্ঞান আরজাও পে
সাঁওতা লাহায় পে দিল দাড়েতে
জুমিদঃ আবন সানাম খেরওয়াল বীর
অটাং আবন গটা দিশম আকোয়াঃ হীড়য়ীর চীর।

# উয়হীর

অজয় মুরমু (প্রথম বর্ষ, সেন্ট্রাল হোস্টেল)

উয়হীর মেসে এহো খেরওয়াল
আমাঃ নওয়া পারসি পহা,
বিন ঞু তেম বুল আকান
রাপ রাপাম গিতিচ আকান।
উয়হীর মেসে মাসে খেরওয়াল
আমাঃ নওয়া সাঁওতা সমাজ
সিখনীত হেনাঃ তাম রেহঁ খেরওয়াল
বীনুঃ তামা দিসী,
বুদ আঁকিল হেনাঃ তাম রেহঁ খেরওয়াল
বীনুঃ তামা উয়হীর।
মেৎ তাঁহেন তুলুজ এম কাঁড়া আকান
লুতুর তাঁহেন তুলুজ এম কালা আকান
মচা তাঁহেন তুলুচ এমন বোবা আকান
এনতে রেহঁ চেদাঃ বাম রানমুরগীনহচঃ কান
আম সিরজানিয়ায় গড়হন আকাৎ মে
খেরওয়াল তিনীঃ নাপায়
এনতে রেহঁ খেরওয়াল
বীনুঃ তামা জতন জগাও।
বেঁগেদ আঁচুর মেসে খেরওয়াল
জেগেৎ আঁরু ফেরাও মে
লুতুর আড়াও মেসে খেরওয়াল
আতেন আঁচুর মে
মচাতে রড় রুয়াঁড় মেসে খেরওয়াল
মনে মুরুখ হচয় মে।
আলম লাজাঃ খেরওয়াল
কয়ঃ রুয়াঁড় মেসে আমাঃ পারসি পহা
উয়হীর আঁচুর মেসে খেরওয়াল
তিনীঃ নাপায় আমাঃ সাঁওতা সমাজ।



# জীত বীইরী

জবারানী কিস্কু (দ্বিতীয় বর্ষ)

তিমিনদিন আমদ সান্তাড়
হড়াঃ ডাহার তেম গয়নঃ
দিশাই মে আমাঃ নিরড় - ডাহাররে
তিস আমদম চারহঃ।।
আমাঃ মগজ সোনাতিতে
পরজীত ভীলীয়েম অজঃ
আমাঃ ভীলীই খানদ মারি
একাল বাং এম খজঃ।।
হয় জোরতেম অটাং চালাঃ
সেরমা লাফাং তে
সেরমা রেদ বাম তাঁহেনা
ঞুরুঃ আম অততে।।
হেঁসেজ-সেঁকেজ ডমক ডম্বল
আমদম ভয়লং চালাঃ
অগম দাঃ এ গুরুলীও মেরে
উনদম উরমালাঃ।।
অকয় মেনায় বাঞ্চাও মেয়ায়
জীউয়ী তামে উধীর
জীত বীইরী আমদ কানাম
বওয়াড় তায়াং জীউয়ী তামক উজীড়।।

-ঃ মুচীৎ ঃ-

# লীই আঁঞ মেরে দুলীড় গাতে

সর্বেশ্বর মান্ডি
(বিদীয় বেড়া, সেন্ট্রাল হোস্টেল)

তাঁহে কানাম আমগে ইঞরেন
পৌইলো দুলীড় গাতে
রড় লাঁন্দা তেম ছাঁন্দা কিদিঞ
রাঁস্কী কেনে কতে।।
আমাঃ ইঞাঃ নওয়া দুলীড়
জেওয়েত জীবন ভোর
তিসহঁ বাংগে তপাগঃ নওয়া সাঁগীয়
তাহে এনাম সুর।।
তাঁহে কানা লাং মালা পতাম লেকা
মালকাও আচুর লেনা লাং গটা
গালচ লেদা লাং গাতে
সিঁগি ঞিন্দী সিঁগি সিঞ।।
আমেম হিড়িঞ কিদিঞ রেহঁ
ইঞ দুঞ উইহীর মে গেয়া
আমরে ইঞাঃ সহাগ দুলীড়
অহঞ রাচাঃ ছাডাও কেয়া।।
আম দ মেনাম মাগিঞ রে
আয়ো বাবা কলেরে
আয়ো বাবা সহাগ দুলীড়
বার সিঞ গান লাগিৎ তে।।
বীঞ বাডায়া নওয়া বেড়া
মেনাঃ মে অকালেকা
চাঁদ বঙ্গা আশীষ ইঞ চাল
তাহেন মে ভাগে লেকা।।
যাঁহাতিসঃ আয়োবাবা কুশিতে
আমক জাঁওয়ায় মেরে
লীয় আঁঞ মেরে দুলীড় গাতে
পাতড়া রাবড় রে।।

- ঃ মুচীৎ ঃ-

# এহো ঔদিম মৌনমি

পূর্ণিমা বাস্কে (ফৌগুন কুনৌমি)
(তেসার সের্মা, সানতালি ঔকিল মানত)

এহো ঔদিম চেঠাঃ মে আলম তাঁহেন থুম থাম,
লাহাঃ মে আমহঁ ঔড়ি লগন ধুম ধাম।
কয়গ মেসে দিশম সেদ তানমান,
লাহা আকান ক এটাঃ জৌতি তিনৌঃ গান।
কৌওড়ি রেঁগেজ আলম দহয়,
সাহায় মে ব্যবসা বানিজ তালাতে।
উইহৌর মে দিশম রেনাঃ কাথা,
ভৌবিত মে আপনারাঃ কাথা।
আলম মারাং খাঁরঞ্জ ঢঁঙা,
তেয়ার মে সুলুক ঢঁঙা।
কড়া কুড়ি গিদরৌ ফারাক,
আলম দহয় মনেরে হিঁদিজ হাড়াঃ।
গিদরৌ ভেজায়েম বিদ্যাগাড় তে,
তেয়ার মে সাঁওতা শিকনৌত সাড় বাহাতে।
আলম চালাঃ নামাল কৌমি,
লাগাও তাম আমাঃ বুদ্ধি আকিল।
দিকু খান দ চেদাঃ রহড় দাকা?
আম খান দচেদাঃ দ্রাঃ মৌড়ি?
আলম হিরিজ পৌসির পৌওরৌ হৌড়ি,
আলম বকল বড়ে সাঁওতা ভৌভি।
সেঁড়ায় মে অলচিকি সান্তাড় রড়,
সেঁড়ায় আরহঁ এটাঃ পৌরসি তে রড়।
আলম এরেড় জৌতি ধরম,
আলম তালম ঔরি চৌলি ধরম করম।
সান্তাড় সমাজ আলম হিরকৌওয়াঃ আ,
বাপ্লারে আলম চৌলুয় এটাঃ আঃ।

# আঁশ মনে আশা বেগে তাহেয়েন

বুদ্ধেশ্বর বেসরা
(বিদৌয় বেড়া, সেন্ট্রাল হোস্টেল)

কাথা কাথা লাং সারি লেঃ আ
মিৎ তে তাহেন লাগিৎ
দুলৌড় যখন তাহে লেনা
সৌগৌয় তপল লেনা।
রৌস্কৌ রমজ রড়-লাঁন্দাতে
তেতাং ছাঁন্দা লেনা
সারি সোহাগ সিবিল দুলৌড়
চাল আৎ মিয়াঞ গাতেরে
এনহঁ সৌগৌয় সাবাঃ এনা
আমাঃ মনে তালারে
অক্ত চাবা লেকা তিহিঞ
মনে আচুর লেনা
তপল মায়া ছাডাও কাতে
আমদম ছুডৌয় এনা
ইঞরে আমাঃ রপড় কাথা
বাংগে সারি লেনা
আশ মনে তেতাং জিউয়ৌ তিঞ
আঁশ রেগে তাঁহে এনা।

















